| "পাট অধিদপ্তর"এর ডি-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ ডিসেম্বর ২০২৩ - ৩১ ডিসেম্বর ২০২৩) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| শাখা | তৈরিকৃত নথির সংখ্যা | মোট নথি নিষ্পত্তিকৃত | | | | মোট পত্রজারি |
| | | ডাক নোটে নিষ্পত্তি (ক) | নোটে নিষ্পত্তি (খ) | পত্রজারিতে নিষ্পন্ন নোট (গ) | মোট (ক+খ+গ) | |
| মহাপরিচালকের দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| প্রশাসন ইউনিট | ০ | ০ | ২ | ০ | ২ | ০ |
| প্রশাসন ও অর্থ অধিশাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| আইটি শাখা | ০ | ০ | ৩ | ১ | ৪ | ১ |
| সাধারণ ও স্টোর শাখা | ০ | ০ | ১ | ১ | ২ | ৩ |
| অর্থ ও বাজেট শাখা | ২ | ০ | ২১ | ০ | ২১ | ৪ |
| প্রশাসন শাখা | ১ | ০ | ১৫ | ৩২ | ৪৭ | ৩৩ |
| পাট ইউনিট | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরিদর্শন অধিশাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরিদর্শণ শাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| আঞ্চলিক পরিদর্শণ অফিস | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরীক্ষণ অধিশাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরীক্ষণ শাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ১ |
| খুলনা পরীক্ষাগার | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| চট্টগ্রাম পরীক্ষাগার | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ঢাকা পরীক্ষাগার | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পাট অধিশাখা | ১ | ০ | ১ | ০ | ১ | ০ |
| পরিসংখ্যান শাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| আঞ্চলিক পাট অফিস | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| মুখ্য পরিদর্শকের কার্যালয় | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| লাইসেন্স শাখা | ২৫ | ০ | ১০ | ৩৪ | ৪৪ | ৩৩ |
| **অফিসঃ পাট অধিদপ্তর** | **২৯** | **০** | **৫৩** | **৬৮** | **১২১** | **৭৫** |

| নথি ব্যবহারের শতকরা হার মূল্যায়ন প্রতিবেদন- [০১ ডিসেম্বর ২০২৩ - ৩১ ডিসেম্বর ২০২৩] | | | |
|---|---|---|---|
| **অফিসের নাম** | **নথিতে নিষ্পত্তিকৃত নোট (সিস্টেম থেকে প্রাপ্ত)** | **হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোট (হার্ড ফাইলের সংখ্যা)** | **নথিতে নিষ্পত্তিকৃত নথির হার (%)** |
| পাট অধিদপ্তর | ১২১ | ২৬ | ৮২.৩১% |

| "পাট অধিদপ্তর"এর ডি-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ নভেম্বর ২০২৩ - ৩০ নভেম্বর ২০২৩) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **শাখা** | **তৈরিকৃত নথির সংখ্যা** | **মোট নথি নিষ্পত্তিকৃত** | | | | **মোট পত্রজারি** |
| | | **ডাক নোটে নিষ্পত্তি (ক)** | **নোটে নিষ্পত্তি (খ)** | **পত্রজারিতে নিষ্পন্ন নোট (গ)** | **মোট (ক+খ+গ)** | |
| মহাপরিচালকের দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| প্রশাসন ইউনিট | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| প্রশাসন ও অর্থ অধিশাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| আইটি শাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| সাধারণ ও স্টোর শাখা | ০ | ০ | ৫ | ৪ | ৯ | ৫ |
| অর্থ ও বাজেট শাখা | ২ | ০ | ৩ | ০ | ৩ | ৪ |
| প্রশাসন শাখা | ৪ | ০ | ৪০ | ২৮ | ৬৮ | ৩০ |
| পাট ইউনিট | ০ | ০ | ৩ | ০ | ৩ | ০ |
| পরিদর্শন অধিশাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরিদর্শণ শাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| আঞ্চলিক পরিদর্শণ অফিস | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরীক্ষণ অধিশাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরীক্ষণ শাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| খুলনা পরীক্ষাগার | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| চট্টগ্রাম পরীক্ষাগার | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ঢাকা পরীক্ষাগার | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পাট অধিশাখা | ৪ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরিসংখ্যান শাখা | ০ | ০ | ১ | ০ | ১ | ০ |
| আঞ্চলিক পাট অফিস | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| মুখ্য পরিদর্শকের কার্যালয় | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| লাইসেন্স শাখা | ৭৮ | ০ | ৮৮ | ৩ | ৯১ | ৪ |
| **অফিসঃ পাট অধিদপ্তর** | **৮৮** | **০** | **১৪০** | **৩৫** | **১৭৫** | **৪৩** |

| নথি ব্যবহারের শতকরা হার মূল্যায়ন প্রতিবেদন- [০১ নভেম্বর ২০২৩ - ৩০ নভেম্বর ২০২৩] | | | |
|---|---|---|---|
| **অফিসের নাম** | **নথিতে নিষ্পত্তিকৃত নোট (সিস্টেম থেকে প্রাপ্ত)** | **হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোট (হার্ড ফাইলের সংখ্যা)** | **নথিতে নিষ্পত্তিকৃত নথির হার (%)** |
| পাট অধিদপ্তর | ১৭৫ | ৪৪ | ৭৯.৯১% |

| "পাট অধিদপ্তর"এর ডি-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ অক্টোবর ২০২৩ - ৩১ অক্টোবর ২০২৩) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **শাখা** | **তৈরিকৃত নথির সংখ্যা** | **মোট নথি নিষ্পত্তিকৃত** | | | | **মোট পত্রজারি** |
| | | **ডাক নোটে নিষ্পত্তি (ক)** | **নোটে নিষ্পত্তি (খ)** | **পত্রজারিতে নিষ্পন্ন নোট (গ)** | **মোট (ক+খ+গ)** | |
| মহাপরিচালকের দপ্তর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| প্রশাসন ইউনিট | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| প্রশাসন ও অর্থ অধিশাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| আইটি শাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| সাধারণ ও স্টোর শাখা | ২ | ১ | ২১ | ৩ | ২৫ | ৪ |
| অর্থ ও বাজেট শাখা | ১ | ০ | ৭ | ০ | ৭ | ৩ |
| প্রশাসন শাখা | ৫ | ০ | ৩৬ | ২৩ | ৫৯ | ২৩ |
| পাট ইউনিট | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরিদর্শন অধিশাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরিদর্শণ শাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| আঞ্চলিক পরিদর্শণ অফিস | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরীক্ষণ অধিশাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরীক্ষণ শাখা | ১ | ০ | ০ | ০ | ০ | ০ |
| খুলনা পরীক্ষাগার | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| চট্টগ্রাম পরীক্ষাগার | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ঢাকা পরীক্ষাগার | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পাট অধিশাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পরিসংখ্যান শাখা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| আঞ্চলিক পাট অফিস | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| মুখ্য পরিদর্শকের কার্যালয় | ০ | ০ | ০ | ১ | ১ | ১ |
| লাইসেন্স শাখা | ৬৪ | ০ | ৭৭ | ০ | ৭৭ | ০ |
| **অফিসঃ পাট অধিদপ্তর** | **৭৩** | **১** | **১৪১** | **২৭** | **১৬৯** | **৩১** |

| নথি ব্যবহারের শতকরা হার মূল্যায়ন প্রতিবেদন- [০১ অক্টোবর ২০২৩ - ৩১ অক্টোবর ২০২৩] | | | |
|---|---|---|---|
| **অফিসের নাম** | **নথিতে নিষ্পত্তিকৃত নোট (সিস্টেম থেকে প্রাপ্ত)** | **হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোট (হার্ড ফাইলের সংখ্যা)** | **নথিতে নিষ্পত্তিকৃত নথির হার (%)** |
| পাট অধিদপ্তর | ১৬৯ | ৪৪ | ৭৯.৩৪% |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
www.dgjute.gov.bd

## ২৫ অক্টোবর,২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :

সভাপতি : ড. সেলিনা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক, পাট অধিদপ্তর
সভার তারিখ : ২৫/১০/২০২৩ খ্রিষ্টাব্দ, বুধবার
সময় : সকাল ১০.০০ঘটিকা
স্থান : পাট অধিদপ্তরের সভাকক্ষ
উপস্থিতি : কর্মকর্তা/কর্মচারীবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি অনলাইনে(Zoom) সংযুক্ত মাঠ পর্যায়ের সহকারী পরিচালকসহ সভাকক্ষে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি পাট অধিদপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের পরামর্শ প্রদান করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (পরীক্ষণ) সভার আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১। | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপপরিচালক (পরীক্ষণ) বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। মহাপরিচালক কর্তৃক অনুমোদিত বিগত সভার সিদ্ধান্তসমূহের বিষয়ে কারো কোন আপত্তি আছে কিনা তা জানতে চাওয়া হলে কার্যবিবরণী কোন সংশোধনী নেই মর্মে সভায় অবহিত করা হয়। | ১। গত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় এ সভায় দৃঢ়িকরণ করা হয় । | সকল কর্মকর্তা/ কর্মচারী পাট অধিদপ্তর। |
| ০২। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন ; | ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । উপপরিচালক(পরীক্ষণ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) সম্পর্কে সহকারী পরিচালক(সা: ও ষ্টোর) ও এপিএ ফোকাল পয়েন্ট এর কাছে সূচকের অগ্রগতি সম্পর্কে জানতে চান । তিনি সভায় উল্লেখ করেন যে, মাঠ পর্যায়ের সহকারী পরিচালক ও মূখ্য পরিদর্শকগণ মাঠ পরিদর্শনের সময় (হাট-বাজার পরিদর্শন, উদ্বুদ্ধকরণ সভা) ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ প্রধান কার্যালয়ের ছক মোতাবেক সঠিকভাবে যাচাই করে পাঠানোর অনুরোধ করেন । তন্মধ্যে, অফিস পরিদর্শনের রাজশাহী ও দিনাজপুর ব্যতীত আর কোন প্রমানক পাওয়া যায় নাই । বিশেষ করে পাটজাতপণ্যের নমুনা পরীক্ষণ প্রতিবেদন ৮০০ লক্ষ্যমাত্রা দেয়া আছে। নমুনা পরীক্ষণ প্রতিবেদন যাচাই/বাছাই করে দাখিল করতে হবে। চলতি অর্থবছরে ৯০,০০০টি পোষ্টার/লিফলেট ছাপাতে হবে। তাছাড়া চলতি অর্থবছরে প্রকল্পের ৫টি সূচক রয়েছে। যার মধ্যে পাটবীজ সংগ্রহ ও বিতরণ, পাটবীজ উৎপাদন, পাট উৎপাদন, পাটচাষী প্রশিক্ষণ ও চাষী সমাবেশ আয়োজনের লক্ষ্যমাত্রা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে । সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) এর লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট হওয়ার আহ্বান জানানো হয়। | ১। ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রত্যেকটি সূচকের শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br><br>২। প্রধান কার্যালয়ের নির্ধারিত ছক মোতাবেক ত্রৈমাসিক প্রতিবেদন (প্রমাণকসহ) সঠিকভাবে যাচাই বাছাই করে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির(এপিএ) আওতায় প্রকল্পের সূচকসমূহ বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে।<br><br>৪। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষমাত্রা অনুযায়ি মোড়কীকরণ আইন বাস্তবায়ন এবং অনলাইন লাইসেন্স প্রদান পদ্ধতি ইত্যাদি বিষয়ে বিবেচনা করে ৯০ হাজার পোষ্টার ছাপানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সহকারি পরিচালক/ পাট উন্নয়ন কর্মকর্তা / মূখ্যপরিদর্শক সকল সহকারী প্রকল্প পরিচালক/পাট উন্নয়ন কর্মকর্তা<br><br>,,<br><br>,,<br><br>সহকারি পরিচালক (সাধারণ ও ষ্টোর) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সমন্বয় কর্মকর্তা-১ ও ২ |

| ক্রমিক | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৩। | প্রকল্প বাস্তবায়ন | **পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ"** শীর্ষক প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার আওতায় বীজ উৎপাদনের জন্য পাটচাষীদের মধ্যে ভিত্তি পাটবীজ বিতরণ করা হয়েছে। পাশাপাশি বীজ উৎপাদন কর্মসূচীর আওতায় সার ও কীটনাশক বিতরণ করা হয়েছে । এক্ষেত্রে পাটবীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে ১৩০ মে:টন। তন্মধ্যে ৮০ মে:টন পাটবীজ পাটচাষীদের নিকট হতে ক্রয় করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে মর্মে সহকারি প্রকল্প পরিচালক আকলিমা আহসান সভায় অবহিত করেন। এছাড়া তিনি সভায় আরও বলেন যে, প্রকল্পের তালিকাভুক্ত সকল পাটচাষীকে চাষীকার্ড বিতরণ করা সম্ভব হয়নি বিধায় চলতি অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে অবশিষ্ট পাটচাষীদের চাষীকার্ড বিতরণ করা হবে। চলতি অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) তে যে সকল সূচক রয়েছে তা যথাযথভাবে সম্পন্ন করার প্রচেষ্টা অব্যাহত থাকবে । প্রকল্পের সার্বিক কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণসহ মনিটরিং কার্যক্রম জোরদারকরণ এবং পাটচাষীদের দোড়গোড়ায় সেবা প্রদান নিশ্চিতকরণের নিমিত্ত পাট অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রকল্পের কার্যক্রমের সাথে সম্পৃক্ত করে ১৮/১০/২০২৩ তারিখ ৬৩৫ নম্বর স্মারকে একটি অফিস আদেশ জারী করা হয়েছে । জারীকৃত অফিস আদেশ অনুসরণের জন্য সকলকে অনুরোধ জানানো হয় । | ১। চলতি ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) এর আওতায় প্রকল্পের সূচক সমূহের শতভাগ বাস্তবায়ন করতে হবে।<br><br>২। লক্ষ্যমাত্রা অনুযায়ী পাটবীজ উৎপাদন বিষয়ে মনিটরিং করার জন্য স্ব-স্ব জেলার মাঠ পর্যায়ের তদারকী কার্যক্রম জোরদার করতে হবে ।<br><br>৩। প্রকল্পের সার্বিক কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণসহ মনিটরিং কার্যক্রম জোরদারকরণ এবং পাটচাষীদের দোড়গোড়ায় সেবা প্রদান নিশ্চিত করতে হবে।<br><br>৪। প্রকল্পভুক্ত যে সকল পাটচাষিদের ছবিযুক্ত চাষীকার্ড এখনও বিতরণ করা হয়নি জরুরি ভিত্তিতে তা বিতরণ করতে হবে এবং পাটচাষী প্রশিক্ষণ ও পাটচাষী সমাবেশ কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br><br>৫। প্রকল্পের আওতায় তালিকাভুক্ত পাটচাষীদের মধ্যে বিতরণকৃত বীজ, সার ও কীটনাশক বিতরণে অধিকতর স্বচ্ছতা আনায়নের লক্ষ্যে অফিস আদেশ এ জারীকৃত নির্দেশনা প্রতিপালনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে । | সহকারী প্রকল্প পরিচালক(সংশ্লিষ্ট)<br><br>সকল সহকারী প্রকল্প পরিচালক/ পাট উন্নয়ন কর্মকর্তা/মূখ্য পরিদর্শক/পাট উন্নয়ন সহকারী<br>"<br><br>সহকারী প্রকল্প পরিচালক(সংশ্লিষ্ট)<br><br>সকল সহকারি পরিচালক (পাট)/পাট উন্নয়ন কর্মকর্তা/ মূখ্য পরিদর্শক/পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি/ উপসহকারি পাট উন্নয়ন কর্মকর্তা (প্রকল্প)/অফিস সহকারি কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক(প্রকল্প) |
| ০৪। | পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন এবং পাট অধিদপ্তর সংশ্লিষ্ট মামলা | পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আইনটি শতভাগ বাস্তবায়নে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের কঠোর নির্দেশনা রয়েছে। এ সম্পর্কে সমন্বয় কর্মকর্তা-১ বলেন যে, আইনটি বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের সকলকে একাধিক পত্র মাধ্যমে অনুরোধ জানানোসহ ১৬টি জেলায় বিশেষ কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বিশেষ কর্মসূচী গ্রহণ পরবর্তী এ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি চেয়ে মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা প্রয়োজন। তাছাড়া ১৬টি জেলায় গৃহীত বিশেষ কর্মসূচী মনিটরিং করার বিষয়ে প্রধান কার্যালয়ে গঠিত মনিটরিং কমিটি পুণ:গঠন করা প্রয়োজন। মহাপরিচালক আইনটি বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে | ১। পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়নের জন্য তফসিলভুক্ত পণ্যের উৎপাদনকারী, সরবরাহকারী ও বিতরণকারীদের হালনাগাদ তালিকা প্রস্তুত করে প্রত্যেকের নিকট মাসভিত্তিক তথ্য চেয়ে পত্র প্রেরণ করতে হবে এবং প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতি মাসের ২০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে ।<br><br>২। বিশেষ কর্মসূচীর আওতায় গৃহীত ১৬টি জেলার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। আইন অমান্যকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্টেটদের মাধ্যমে ভ্রাম্যমান আদালত পরিচালনার পাশাপাশি আইনের ধারা ১৮ মোতাবেক প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর আদালতে নিয়মিত মামলা দায়ের করতে হবে। এ ক্ষেত্রে সকল প্রসিকিউশন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সকল সহকারি পরিচালক(পাট)/ পাট উন্নয়ন কর্মকর্তা/ মূখ্য পরিদর্শক<br>সমন্বয় কর্মকর্তা-১<br><br>সহকারি পরিচালক (পাট)/ পাট উন্নয়ন কর্মকর্তা/মূখ্য পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কাজ করার অনুরোধ করেন। মাঠ পর্যায়ের অফিস গুলোতে সুষ্ঠুভাবে পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা, উদ্বুদ্ধ করণ সভা, হাট বাজার পরির্শন বাবদ যানবাহন ব্যবহার ও এ সংক্রান্ত সম্মানী বাবদ সম্ভাব্য ব্যয়ের চাহিদাসহ একটি কর্ম-পরিকল্পনা সংগ্রহ করা আবশ্যক। পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ সম্পর্কিত মহামান্য হাইকোর্ট বিভাগে চলমান ২৬টি মামলা এনালগ হেয়ারিং চলমান রয়েছে। তাছাড়া ৪টি কনটেম্পট মামলা বিজয় ৭১ এর ১৮নম্বর কোর্টে শুনানী চলমান রয়েছে মর্মে উপপরিচালক (আইন) সভাকে অবহিত করেন। | ৩। চলমান ২৬টি মামলা জরুরীভাবে নিষ্পত্তির জন্য বিজ্ঞপ্যানেল আইনজীবীকে তাগিদ প্রদান করতে হবে। তাছাড়া কনটেম্পট মামলার বিষয়ে বিশেষ নজর রাখতে হবে। নতুন আগত মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপপরিচালক(আইন) |
| ০৫। | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালীন নির্দেশনা বাস্তবায়ন | গত ১২/১০/২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালীন প্রদত্ত নির্দেশনা নিম্নরূপ :<br>**"পাট ও পাটপণ্যের ব্যবহার ও রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের মধ্যে সমন্বয় বাড়াতে হবে" এবং "যে সকল দপ্তর/সংস্থার নিয়ন্ত্রণে সরকারি জমি আছে তা ফেলে না রেখে কাজে লাগাতে হবে"।**<br>সভায় সমন্বয় কর্মকতা-১ বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়নের মাধ্যমে পাটজাতপণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির একটি বড় সুযোগ রয়েছে। এ আইনটি বাস্তবায়নের মাধ্যমে দেশের অভ্যন্তরে প্রতিবছর ১৫০ কোটি পাটের বস্তার ব্যবহার হবে, যার বাজারমূল্য প্রায় ৯ থেকে ১০ হাজার কোটি টাকার। আইনটি বাস্তবায়নের জন্য তফসিলভুক্ত পণ্যের উৎপাদকারি, সরবরাহকারী ও বিতরণকারী প্রতিষ্ঠানসমুহ নিয়মিত পরিদর্শন করাসহ আইন অমান্যকারীদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনা করার জন্য মাঠ পর্যায়ে কোন লজিষ্টিক সহায়তা না থাকায় কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হচ্ছে না। এ প্রেক্ষিতে আইনটি বাস্তবায়নের জন্য যানবাহন, ইন্টারনেট সুবিধাসহ কম্পিউটার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ও প্রসিকিউটরদের সম্মানী ভাতার ব্যবস্থা করা প্রয়োজন। এ অবস্থা হতে উত্তরণের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও নির্দেশনার আলোকে পাট অধিদপ্তরের করণীয় সম্পর্কে সভায় আলোচনা হয়। | ১। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়ন করতে হবে।<br><br>২। আইনটি শতভাগ বাস্তবায়নের নিমিত্ত তফসিলভুক্ত পণ্যের উৎপাদকারি, সরবরাহকারী ও বিতরণকারী প্রতিষ্ঠানসমুহ নিয়মিত পরিদর্শন করতে হবে । আইন অমান্যকারীদের বিরুদ্ধে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে। এ পরিপ্রেক্ষিতে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের লজিষ্টিক সহায়তা হিসেবে দৈনিক ভিত্তিতে যানবাহন (মাসে ৫ দিন), ভ্রাম্যমান আদালত পরিচালনাকারী নির্বাহী ম্যাজিস্ট্রেট ও প্রসিকিউটার, পেশকার ও সহায়তাকারীর সম্মানীভাতা প্রদান করতে হবে।<br><br>৩। আঞ্চলিক ও জেলা পর্যায়ের সকল কার্যালয় ব্রডব্রান্ড ইন্টারনেট সুবিধা গ্রহণ করবে এবং প্রকল্পভুক্ত প্রতিটি জেলার জেলা সদরে উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তার কার্যালয় ব্রডব্রান্ড ইন্টারনেট সুবিধাসহ দাপ্তরিক কম্পিউটার প্রদান করতে হবে। প্রয়োজন অনুযায়ী বাজেট বরাদ্দ প্রদান করতে হবে । | সকল সহকারি পরিচালক(পাট)/ সহকারি প্রকল্প পরিচালক(সংশ্লিষ্ট)/ পাট উন্নয়ন কর্মকর্তা/ মুখ্য পরিদর্শক/পাট উন্নয়ন সহকারি/ পরিদর্শক(পাট)/উপসহকারি পাট উন্নয়ন কর্মকর্তা (প্রকল্প)/অফিস সহকারি -কাম-কম্পিউটার আপারেটর (প্রকল্প)<br><br>সহকারি পরিচালক (অর্থ)/ হিসাব রক্ষণ কর্মকর্তা<br><br>সহকারি পরিচালক (অর্থ)/সহকারি প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট)/ হিসাব রক্ষণ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬। | লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন | পাট ও পাটজাতপণ্যের ব্যবসা পরিচালনার জন্য পাট অধিদপ্তরের লাইসেন্স বাধ্যতামূলক। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকল ব্যবসায়ীকে ব্যবসা পরিচালনার জন্য ম্যানুয়াল পদ্ধতিতে লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন করা হচ্ছে। ম্যানুয়াল পদ্ধতিতে প্রদত্ত লাইসেন্স অটোমেশনের জন্য ইতোমধ্যে My Gov প্লাটফর্মে পাট অধিদপ্তর যুক্ত হওয়ার ফলে প্রধান কার্যালয় হতে প্রদত্ত ৬ ক্যাটাগরির লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে। এ বিষয়ে ব্যাপক প্রচার কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। সরকারি রাজস্ব বৃদ্ধির জন্য লাইসেন্স মঞ্জুরী বা নবায়নের পূর্বে সংশ্লিষ্ট জুট মিলের লুম, স্প্রিন্ডেল ইত্যাদির সংখ্যা সঠিকভাবে নিরুপনের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট মূখ্য পরিদর্শককে প্রতিবেদন দাখিল করে থাকেন। কিন্তু পরবর্তীতে প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণ বা সংশ্লিষ্ট অঞ্চলের সহকারি পরিচালকগণ পরিদর্শনে গেলে মূখ্য পরিদর্শক কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের সাথে লুম বা স্পিন্ডিলের সংখ্যার সাথে মিল পাওয়া যাচ্ছেনা মর্মে সভায় আলোচনা হয়। তাছাড়া লাইসেন্স অনলাইনে প্রদানের বিষয়ে সংশ্লিষ্টদের কর্মদক্ষতা উন্নয়নে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করার উপর তাগিদ প্রদান করা হয়। | ১। My Gov প্লাটফর্মে যুক্ত হওয়ায় প্রধান কার্যালয় হতে প্রদত্ত ৬ ক্যাটাগরির লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট ব্যবসায়ী সংগঠনের মাধ্যমে ব্যাপক প্রচার কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২। লাইসেন্সবিহীন ব্যবসা পরিচালনা করা মিল চিহ্নিত করে তার প্রতিবেদন জরুরী ভিত্তিতে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।<br>৩। সরকারী রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে লাইসেন্স মঞ্জুরী ও নবায়নের পূর্বে সংশ্লিষ্ট আবেদনকারী জুট মিলের লুম, স্প্রিন্ডেল ইত্যাদির সঠিক সংখ্যা নিরুপনপূর্বক নির্ভুল প্রতিবেদন সংশ্লিষ্ট অঞ্চলের সহকারি পরিচালকের মাধ্যমে আগামী সমন্বয় সভার পূর্বেই লাইসেন্স শাখা একটি প্রতিবেদন সভায় উপস্থাপন করবেন।<br>৪। অনলাইনে লাইসেন্স প্রদান বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করতে হবে। | সহকারী পরিচালক (লাইসেন্স)<br>সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী<br>মাঠ পর্যায়ের সহকারি পরিচালকবৃন্দ/ মূখ্য পরিদর্শক<br>উপপরিচালক(পাট) / সহকারী পরিচালক (লাইসেন্স)/ মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার-২ |
| | খ) ভিজা পাট ক্রয়-বিক্রয় রোধ এবং অবৈধ মজুদের বিরুদ্ধে অভিযান | মহাপরিচালক মহোদয় ভিজা পাট ক্রয়-বিক্রয় রোধসহ সংশ্লিষ্টগণ যাতে ১(এক) হাজার মণের বেশী পাট ১(এক) মাসের অধিক সময় স্টক করতে না পারে সে বিষয়ে সভায় আলোকপাত করেন। বর্তমান পাটের বাজার দর সম্পর্কে অনলাইনে সংযুক্ত সহকারি পরিচালক(পাট)গণের নিকট জানতে চাওয়া হলে বর্তমান পাটের বাজর উর্দ্ধমূখী প্রবণতা রয়েছে বলে তারা জানান। এ ক্ষেত্রে সভাপতি বলেন যে, ন্যায্য মূল্য হতে পাটচাষী যাতে বঞ্চিত না হন সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ পাটচাষীদের স্বার্থ রক্ষায় নিয়মিত পরামর্শ প্রদান করবেন। | ১। ভিজা পাট ক্রয়-বিক্রয় রোধসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ১ হাজার মণের বেশী পাট ১(এক) মাসের অধিক সময় যাতে স্টক করতে না পারে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং সংশ্লিষ্টদের নিকট হতে মাস ভিত্তিক তথ্য নিতে হবে।<br>২। বর্তমান পাটের বাজার মূল্য উর্দ্ধমূখী প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। ন্যায্য মূল্য হতে পাটচাষী যাতে বঞ্চিত না হন সে বিষয়ে লক্ষ রাখতে হবে এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ পাটচাষীদের স্বার্থ রক্ষায় নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে। | সকল সহকারি পরিচালক (পাট)/পাট উন্নয়ন কর্মকর্তা/ মূখ্য পরিদর্শক/পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি<br>সকল সহকারি পরিচালক (পাট)/পাট উন্নয়ন কর্মকর্তা/ মূখ্য পরিদর্শক/পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি/ উপসহকারি পাট উন্নয়ন কর্মকর্তা (প্রকল্প) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭। | পাটপণ্য পরীক্ষাগার ভবন সংস্কার | পাট অধিদপ্তরের বিদ্যমান ৩টি পাটপণ্য পরীক্ষাগার ভবন মেরামত/সংস্কার কাজের বিস্তারিত আলোচনা করেন। পাটপণ্য পরীক্ষাগার ভবনের জন্য চলতি ২০২৩-২৪ অর্থবছরে ৯০,০০,০০০/-(নব্বই লক্ষ) টাকার বাজেট বরাদ্দ রয়েছে। ৩টি ল্যাবরেটরিতে বর্তমান মেশিনারিজের একটি তালিকা প্রণয়নসহ আধুনিক ল্যাব স্থাপন বিষয়ে আলোচনা হয় । | ১। পাট অধিদপ্তরের বিদ্যমান ৩টি পাটপণ্য পরীক্ষাগার (ডেমরা, চট্টগ্রাম ও খুলনা) আধুনিকায়নের নিমিত্ত পরিচালক (পাট) এর নেতৃত্বে একটি কমিটি গঠন করতে হবে। কমিটিতে টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, বিসিএসআইআর, বুয়েট এবং বিজেআরআই এর প্রতিনিধি রাখতে হবে।<br><br>২। ডেমরা, খুলনা ও চট্টগাম পরীক্ষাগারে বর্তমানে যে সকল মেশিনারিজ রয়েছে প্রতিটি মেশিনের ব্যবহারসহ তার একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করে আগামী ০৭ দিনের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>৩। ল্যাবরেটরির সার্বিক কার্যক্রম সম্পর্কে পরবর্তী সভায় একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশন উপস্থাপন করতে হবে । | পরিচালক (পাট)/ উপসহকারী প্রকৌশলী<br><br>সকল সহকারি পরিচালক<br><br>সহকারি পরিচালক, পরীক্ষাগার,ডেমরা । |
| ০৮ | ডি-নথির ব্যবহার বৃদ্ধি | মনিটনিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার জানান, পাট অধিদপ্তরের ডি-নথির ব্যবহার বৃদ্ধির বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত রয়েছে। এছাড়াও সুশাসন বিষয়ক ই-গভর্নেন্স ও উদ্ভাবন কার্যক্রমের আওতায় ডি-নথির ব্যবহার অসাধারণ মানের জন্য ৮০% লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পাট অধিদপ্তরের ডি-নথির ব্যবহার বৃদ্ধি করা জরুরি। প্রয়োজনে কর্মকর্তা/কর্মচারীগণকে সময়ে সময়ে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। | ১। পাট অধিদপ্তরের দাপ্তরিক কার্যক্রম আবশ্যিকভাবে ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করতে হবে।<br>২। কর্মকর্তা/কর্মচারীদের ডি-নথি ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>সকল সহকারি পরিচালক<br>মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯। | বিবিধ<br>ক)অডিট আপত্তি | মহাপরিচালক মহোদয় অডিট আপত্তি নিষ্পত্তির অগ্রগতি সহকারি পরিচালক (অর্থ ও বাজেট) এর নিকট জানতে চাইলে তিনি বলেন যে, অডিট কমিটি কর্তৃক গত ১৮ সেপ্টেম্বর,২০২৩ তারিখে একটি সভা করা হয়েছে। পাট অধিদপ্তরের ২৫টি এবং প্রকল্পের ১৭টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে । পাট অধিদপ্তরের ২৫টি অডিট আপত্তির মধ্যে ৪টি অগ্রীম আপত্তি রয়েছে তম্মধ্যে ৩টি আপত্তি নিষ্পত্তিযোগ্য বিধায় তা দ্রুত নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অন্যান্য অডিট আপত্তির বিষয়ে হালনাগাদ প্রমাণকসহ পুনরায় ব্রডশীট জবাব প্রেরণ এবং প্রয়োজনে দ্বি-পক্ষীয় বা ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তিকরণের জন্য সভাপতি অনুরোধ জানান। | ১। প্রকল্পের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সহকারি প্রকল্প পরিচালক জনাব মো: কামালউদ্দিন নিয়মিত যোগাযোগপূর্বক অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।<br><br>২। গঠিত অডিট কমিটির সুপারিশ মোতাবেক জরুরী ভিত্তিতে অডিট আপত্তি নিষ্পত্তিকরণের প্রয়োনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩। অন্যান্য অডিট আপত্তির বিষয়ে হালনাগাদ প্রমাণকসহ পুনরায় ব্রডশীট জবাব প্রেরণ এবং প্রয়োজনে দ্বি-পক্ষীয় বা ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারি প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট)<br><br>সহকারি পরিচালক(অর্থ ও বাজেট)<br><br>সহকারি পরিচালক(অর্থ ও বাজেট)/ হিসাব রক্ষণ কর্মকর্তা |
| | খ) জনবল সংকট | পাট অধিদপ্তরের মোট অনুমোদিত জনবল ৬০৪টি তম্মধ্যে ২০৫টি পদে জনবল কর্মরত রয়েছে এবং ৩৯৯টি পদশূন্য রয়েছে। এতো অল্পসংখ্যক জনবল নিয়ে অধিদপ্তরের সার্বিক কার্যক্রম পরিচালনা করা অত্যন্ত দুরুহ। ইতোমধ্যে পিএসসি হতে কিছু জনবল পাওয়া যাচ্ছে বলে মহাপরিচালক মহোদয় সভাকে অবগত করেন। অন্যান্য শূন্যপদে জরুরীভিত্তিতে জনবল নিয়োগ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। পাট অধিদপ্তরের বিজ্ঞ প্যানেল আইনজীবীর মতামত গ্রহণপূর্বক শূণ্য পদে জনবল নিয়োগের নিমিত্ত প্রশাসনিক মন্ত্রণালয়ের পত্রের জবাব জরুরী ভিত্তিতে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/ উপপরিচালক(আইন) /সহকারি পরিচালক(প্রশাসন)/ সমন্বয় কর্মকর্তা |
| | গ) অন্যান্য | **ইনোভেশন :** পাট ও পাটজাত পণ্যের উৎপাদন, রপ্তানী ও রপ্তানী আয়, লাইসেন্স হতে প্রাপ্ত রাজস্ব আদায়, রপ্তানী আয় হতে প্রাপ্ত ননট্যাক্স রেভিনিউ এবং ভ্রাম্যমান আদালত হতে প্রাপ্ত জরিমানা ইত্যাদি সংক্রান্ত Online Data Management System এর মাধ্যমে নির্ভুল হিসাব সংগ্রহ, সংকলনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**ইনহাউজ প্রশিক্ষণ :** প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারী প্রতি বছর কমপক্ষে ৬০(ষাট) ঘন্টা প্রশিক্ষণের বাধ্যবাধকতার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। ইনোভেশন এর আওতায় Online Data Management System এ একটি software তৈরী করার লক্ষ্যে জরুরি ভিত্তিতে গঠিত কমিটি সভা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। জরুরী ভিত্তিতে Software Developer ফার্মের সাথে প্রাথমিক আলোচনা করে একটি ডিজাইন তৈরী করতে হবে।<br><br>৩। প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে বাৎসরিক ৬০(ষাট) ঘন্টা প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br><br>৪। প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত একটি প্রশিক্ষণ সিডিউল তৈরী করতে হবে এবং পরিকল্পনামাফিক প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br><br>৫। সঞ্জীবনী প্রশিক্ষণ- প্রদানের নিমিত্ত একটি কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।<br><br>৬। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ১০টি অঞ্চলে অঞ্চলভিত্তিক একটি প্রশিক্ষণ সিডিউল তৈরী করতে হবে।<br>৭। মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক আবিশ্যিকভাবে সকাল ৯.০০ টা থেকে ৯.৪০মি: | উপপরিচালক (পরীক্ষণ) / মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার-২<br><br>উপপরিচালক(পণ্য পরিদর্শন)<br><br>সকল সহকারি পরিচালক (পাট)/পাট উন্নয়ন |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পর্যন্ত স্ব-স্ব দাপ্তরিক কক্ষে উপস্থিত থাকতে হবে । এ সময়ের পর মাঠ পর্যায়ে ভ্রমণ করতে পারবেন ।<br><br>৮। কোন কর্মকর্তা/কর্মচারীকে সকাল ৯.০০টা থেকে ৯.৪০মিনিটে কর্মস্থলে পাওয়া না গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে তাৎক্ষণিক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। | কর্মকর্তা/ মূখ্য পরিদর্শক/পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি/ উপসহকারি পাট উন্নয়ন কর্মকর্তা (প্রকল্প) |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. সেলিনা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন:০২২২৩৩৮১৫৪৬।
e-mail: dgjute@gmail.com

স্মারকনম্বর- ২৪.০১.০০০০.০০১.০৬.২৪১.২২-১৭৯

তারিখ: ৩০ কার্তিক, ১৪৩০ / ১৫ নভেম্বর, ২০২৩

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। প্রকল্প পরিচালক, "উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, পাট অধিদপ্তর, ঢাকা।
০২। যুগ্মসচিব (পাট-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন ও অর্থ/পাট), পাট অধিদপ্তর, ঢাকা।
০৪। উপপরিচালক (প্রশাসন/পাট ও পাটপণ্য/পরীক্ষণ/পরিদর্শন), পাট অধিদপ্তর, ঢাকা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সহকারী পরিচালক...................................................... (সকল),পাট অধিদপ্তর, ঢাকা।
০৭। পাট উন্নয়ন কর্মকর্তা..........................................................পাট অধিদপ্তর,ঢাকা ।
০৮। সমন্বয় কর্মকর্তা-(১/২)/ উপসহকারী প্রকৌশলী/ মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার/হিসাব রক্ষণ কর্মকর্তা, পাট অধিদপ্তর,ঢাকা।
০৯। মুখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর, ডেমরা, ঢাকা।
১০। মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার-২,পাট অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পাট অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অফিস কপি।

(সৈয়দ ফারুক আহম্মদ)
(উপসচিব)
উপপরিচালক (পরীক্ষণ)
ফোন : ০২-২২৩৩৮৯৮২৪ ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
www.dgjute.gov.bd

## ২৬ নভেম্বর,২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :

সভাপতি : ড. সেলিনা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক, পাট অধিদপ্তর
সভার তারিখ : ২৬/১১/২০২৩ খ্রিষ্টাব্দ, রবিবার
সময় : সকাল ১১.০০ঘটিকা
স্থান : পাট অধিদপ্তরের সভাকক্ষ
উপস্থিতি : কর্মকর্তা/কর্মচারীবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি অনলাইনে(Zoom) সংযুক্ত মাঠ পর্যায়ের সহকারী পরিচালকসহ সভাকক্ষে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি পাট অধিদপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের পরামর্শ প্রদান করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশা: ও অর্থ) সভার আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। তিনি আরও বলেন সমন্বয় সভার কার্যবিবরণীতে পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি থাকা আবশ্যক । সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১। | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | ১। গত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় এ সভায় দৃঢ়ীকরণ করা হয় । | পরিচালক (প্রশাসন ও অর্থ) বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। মহাপরিচালক কর্তৃক অনুমোদিত বিগত সভার সিদ্ধান্তসমূহের বিষয়ে কারো কোন আপত্তি আছে কিনা তা জানতে চাওয়া হলে কার্যবিবরণী কোন সংশোধনী নেই মর্মে সভায় অবহিত করা হয়। | ১। গত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় এ সভায় দৃঢ়ীকরণ করা হয় । | সকল কর্মকর্তা/ কর্মচারী পাট অধিদপ্তর। |

JFerdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০২। | বার্ষিক কর্মসম্পাদনচুক্তি (এপিএ) বাস্তবায়ন ; | ১। ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রত্যেকটি সূচকের শতভাগ বাস্তবায়ন কার্যক্রম চলমান।<br><br>২। প্রধান কার্যালয়ের নির্ধারিত ছক মোতাবেক ত্রৈমাসিক প্রতিবেদন (প্রমাণকসহ) সঠিকভাবে যাচাই বাছাই করে প্রধান কার্যালয়ে প্রেরণ কার্যক্রম চলমান।<br><br>৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির(এপিএ) আওতায় প্রকল্পের সূচকসমূহ বাস্তবায়নে কার্যক্রম চলমান।<br><br>৪। পোষ্টার ও লিফলেট নমুনা সভায় উপস্থাপন করা হয়। | ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিচালক(প্রশা: ও অর্থ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) সম্পর্কে সহকারী পরিচালক(সা: ও ষ্টোর) ও এপিএ ফোকাল পয়েন্ট এর কাছে সূচকের অগ্রগতি সম্পর্কে জানতে চান। তিনি সভায় উল্লেখ করেন যে, ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত ছক মোতাবেক প্রেরণ করার বিষয়ে অনুরোধ জানান। তাছাড়া ১০(দশ)টি অঞ্চলে ১০টি সেমিনার সুষ্ঠুভাবে আয়োজনপূর্বক ছবিসহ বাস্তবায়ন অগ্রগতি প্রেরণের জন্য অনুরোধ জানান। চলতি অর্থবছরে ৯০,০০০টি পোষ্টার/লিফলেট ছাপাতে হবে। সমন্বয় কর্মকর্তা-২ পোষ্টার ও লিফলেট এর নমুনা সভায় উপস্থাপন করেন। সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) এর লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট হওয়ার আহ্বান জানানো হয়। | ১। ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন ছক মোতাবেক দাখিল করতে হবে।<br><br>২। অঞ্চলভিত্তিক অনুষ্ঠিতব্য সেমিনারের ছবিসহ প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির(এপিএ) আওতায় প্রকল্পের সূচকসমূহ বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে।<br><br>৪। মোড়কীকরণ আইন বাস্তবায়ন এবং অনলাইন লাইসেন্স প্রদান পদ্ধতি ইত্যাদি বিষয়ে বিবেচনা করে ৯০ হাজার পোষ্টার এর নমুনা ওয়েব সাইটে প্রদান করে মতামত গ্রহণ করতে হবে। | সকল সহকারি পরিচালক/ পাট উন্নয়ন কর্মকর্তা / মূখ্যপরিদর্শক<br>সকল সহকারী প্রকল্প পরিচালক/পাট উন্নয়ন কর্মকর্তা<br><br>,,<br><br>,,<br><br>সহকারি পরিচালক (সাধারণ ও স্টোর) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সমন্বয় কর্মকর্তা-১ ও ২ |

JFirdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০৩। | প্রকল্প বাস্তবায়ন | ১। চলতি ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) এর আওতায় প্রকল্পের সূচক সমূহের শতভাগ বাস্তবায়ন কার্যক্রম চলমান।<br><br>২। লক্ষ্যমাত্রা অনুযায়ী পাটবীজ উৎপাদন, ক্রয় ও সংরক্ষণের বিষয়ে মনিটরিং কার্যক্রম চলমান। এছাড়া প্রকল্পের মাধ্যমে উৎপাদিত পাটবীজের জেলা/উপজেলা ভিত্তিক জানুয়ারী/২৪ মাসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>৩। প্রকল্পের সার্বিক কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে পাটচাষীদের দোড়গোড়ায় সেবা প্রদান কার্যক্রম চলমান।<br><br>৪। প্রধান কার্যালয় থেকে প্রেরিত কার্ড বিতরণ করা না হয়ে থাকলে জরুরী ভিত্তিতে বিতরণ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট পাট উন্নয়ন কর্মকর্তাদের নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া বর্তমানে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) কার্ড মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। | **পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন** এবং **সম্প্রসারণ"** শীর্ষক প্রকল্পের ২০২৩-২৪ অর্থ বছরে বীজ উৎপাদনের জন্য পাটচাষীদের মধ্যে ভিত্তি পাটবীজ, সার ও কীটনাশক বিতরণ করা হয়েছে। পাটবীজ কর্তনের মৌসুম অত্যাসন্ন হওয়ায় পাটবীজ ক্রয় ও সংরক্ষণ কার্যক্রম গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া প্রকল্প পরিচালক সভায় আরও বলেন যে, প্রকল্পের তালিকাভুক্ত ৩,৬৮,৩০৪ পাটচাষীকে চাষীকার্ড বিতরণ করা সম্ভব হয়েছে এবং চলতি অর্থ বছরে ১,৬৩,০৬৯ চাষীকার্ড এর মধ্যে আরও ৫০,০০০ চাষীকার্ড বিতরণের জন্য অপেক্ষমান। চলতি অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) তে যে সকল সূচক রয়েছে তা যথাযথভাবে সম্পন্ন করার প্রচেষ্টা অব্যাহত থাকবে। প্রকল্পের সার্বিক কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণসহ মনিটরিং কার্যক্রম জোরদারকরণ এবং পাটচাষীদের দোড়গোড়ায় সেবা প্রদান নিশ্চিতকরণ নিমিত্ত এবং প্রশিক্ষণ কার্যক্রম জরুরী ভিত্তিতে সমাপ্তকরণে কর্মকর্তা ও কর্মচারীকে দক্ষতার সংগে কাজ করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। চলতি ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) এর আওতায় প্রকল্পের সূচক সমূহের শতভাগ বাস্তবায়ন করতে হবে।<br><br>২। লক্ষ্যমাত্রা অনুযায়ী পাটবীজ উৎপাদন, ক্রয় ও সংরক্ষণের বিষয়ে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। এছাড়া প্রকল্পের মাধ্যমে উৎপাদিত পাটবীজের জেলা/উপজেলা ভিত্তিক প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>৩। প্রকল্পের সার্বিক কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে পাটচাষীদের দোড়গোড়ায় সেবা প্রদানে সচেষ্ট থাকতে হবে।<br><br>৪। প্রকল্পভুক্ত যে সকল পাটচাষিদের ছবিযুক্ত চাষীকার্ড এখনও বিতরণ করা হয়নি জরুরি ভিত্তিতে তা বিতরণ করতে হবে। ইতোমধ্যে প্রেরিত চাষীকার্ড বিতরণ করা না হলে সেগুলো অতিসত্ত্বর বিতরণের ব্যবস্থা নিতে হবে। | সহকারী প্রকল্প পরিচালক(সংশ্লিষ্ট)<br><br>সকল সহকারী প্রকল্প পরিচালক/ পাট উন্নয়ন কর্মকর্তা/মূখ্য পরিদর্শক/পাট উন্নয়ন সহকারী<br><br>"<br><br>" |

JFerdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | ৫। ক) ইতোমধ্যে প্রায় ১৩৭৩৫ জন পাট চাষী প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে । আরও ১৩৯৫০ জন চাষীর প্রশিক্ষণের বরাদ্দ মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে, যা জানুয়ারী/২৪ এর মধ্যে সমাপ্ত করার নির্দেশনা দেয়া আছে।<br><br>খ) ৫টি চাষী সমাবেশ করার বরাদ্দ মাঠ পর্যায়ে দেয়া আছে । জাতীয় নির্বাচনের কারণে সমাবেশগুলো করা সম্ভব হচ্ছে না বলে মাঠ পর্যায় থেকে জানানো হচ্ছে । নির্বাচন পরবর্তী জানুয়ারী/২৪ সালের মধ্যে সমাবেশগুলো সমাপ্ত করা হবে । | | ৫। আগামী জানুয়ারী/২০২৪ এর মধ্যে পাটচাষী প্রশিক্ষণ ও পাটচাষী সমাবেশ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সহকারী প্রকল্প পরিচালক(সংশ্লিষ্ট) |
| ০৪। | পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলকব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন এবং পাট অধিদপ্তর সংশ্লিষ্ট মামলা | ১। পাটের বস্তার মাসভিত্তিক তথ্য প্রেরণের জন্য মাঠ পর্যায়ে সকল কর্মকর্তাকে ১০ সেপ্টেম্বর/২৩ তারিখে ১৬০নম্বর স্মারক পত্র মাধ্যমে আদেশ প্রদান করা হয়েছে । নির্ধারিত ফরমে মাঠ পর্যায়ের প্রতিবেদন পাওয়া যাচ্ছে ।<br><br>২। মোড়কীকরণ আইন ভংগকারীর বিরুদ্ধে নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হচ্ছে । তাছাড়া আইনের ধারা ১৮ মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য একটি খসড়া প্রসিকিউশন ফরম পাট অধিদপ্তরের WhatsApp গ্রুপে প্রদান করা হয়েছে । | ৪.১ পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আইনটি শতভাগ বাস্তবায়নে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের কঠোর নির্দেশনা রয়েছে। এ সম্পর্কে সমন্বয় কর্মকর্তা-১ বলেন যে, আইনটি বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের সকলকে একাধিক পত্র মাধ্যমে অনুরোধ জানানোসহ ১৬টি জেলায় বিশেষ কর্মসূচী চলমান রয়েছে । বিশেষ কর্মসূচী গ্রহণ পরবর্তী এ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি চেয়ে মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছে । তিনি সভায় আরও বলেন যে, তফসিলভুক্ত ১৯টি পণ্যের জন্য ব্যবহৃত | ১। পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়নের জন্য তফসিলভুক্ত পণ্যর মোড়কীকরণে পাটজাত মোড়কের ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন প্রতিমাসের ২৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে ।<br><br>২। ভ্রাম্যমাণ আদালত সংক্রান্ত প্রতিবেদন ব্যক্তিভিত্তিক ও জেলা ভিত্তিক উভয় ধরণের প্রতিবেদন প্রতিমাসের ২৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে ।<br><br>৩। বিশেষ কর্মসূচীর আওতায় গৃহীত ১৬টি জেলার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সকল সহকারি পরিচালক(পাট)/ পাট উন্নয়ন কর্মকর্তা/ মূখ্য পরিদর্শক<br>সমন্বয় কর্মকর্তা-১<br><br>"<br><br>সহকারি পরিচালক (পাট)/ পাট উন্নয়ন কর্মকর্তা/মূখ্য পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি |

Jferdous

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | ৩। মন্ত্রীপরিষদ বিভাগের পত্রের প্রেক্ষিতে চলমান ২৬টি মামলা এনালগ হেয়ারিং করার ব্যবস্থা গ্রহণের জন্য পাট অধিদপ্তর কর্তৃক ৩১ অক্টোবর/২০২৩ তারিখে ১৯১ নম্বর স্মারক মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। | পাটের বস্তার হিসাব মাসভিত্তিক প্রদানের জন্য সহকারি পরিচালকদের অনুরোধ জানান । মহাপরিচালক আইনটি বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার অনুরোধ করেন। মাঠ পর্যায়ের অফিস গুলোতে সুষ্ঠুভাবে পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা, উদ্বুদ্ধ করণ সভা, হাট বাজার পরির্শন ইত্যাদি কাজে যানবাহন ব্যবহার ও এ সংক্রান্ত সম্মানী বাবদ বরাদ্দ মাঠ পর্যায়ে প্রেরণ করা প্রয়োজন। | ৪। আইন অমান্যকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটদের মাধ্যমে ভ্রাম্যমান আদালত পরিচালনার পাশাপাশি আইনের ধারা ১৮ মোতাবেক প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর আদালতে নিয়মিত মামলা দায়ের করতে হবে। | সহকারি পরিচালক (পাট)/ পাট উন্নয়ন কর্মকর্তা/মূখ্য পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি |
| | | | ৪.২ পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ সম্পর্কিত মহামান্য হাইকোর্ট বিভাগে চলমান মামলা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয় । বিজ্ঞ প্যানেল আইনজীবির প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ইতোমধ্যে ২৭টি মামলা সরকার পক্ষে নিষ্পত্তি হয়েছে । একই বিষয়ে চলমান মামলা জরুরী ভিত্তিতে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে । মামলাসমূহ শুনানীর জন্য তালিকাভুক্ত হয়েছে । তাছাড়া ৪টি কনটেম্পট মামলা বিজয় ৭১ এর ১৮ নম্বর কোর্টে শুনানী চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | ১। চলমান মামলা জরুরী ভিত্তিতে শুনানী করে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। নতুন আগত দু'টি মামলায় হাইকোর্ট বিভাগের আদেশের বিরুদ্ধে আপীল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩। কনটেম্পট মামলার বিষয়ে বিশেষ নজর রাখতে হবে। | উপপরিচালক(আইন)<br><br>"<br><br>" |

JFerdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০৫। | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালীন নির্দেশনা বাস্তবায়ন | ১। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে পাটের বস্তার ব্যবহার সংক্রান্ত মাসভিত্তিক প্রতিবেদন নিয়মিত সংগ্রহ ও সংকলন করা হচ্ছে।<br><br>২। মাঠ পর্যায়ের যানবাহন ব্যবহার সংক্রান্ত ১টি খসড়া নীতিমালা প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে।<br><br>৩। মাঠ পর্যায়ে সহকারী পরিচালক কার্যালয়ে ইন্টারনেট সুবিধা চলমান রয়েছে। | গত ১২/১০/২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালীন প্রদত্ত নির্দেশনা নিম্নরূপ :<br>**"পাট ও পাটপণ্যের ব্যবহার ও রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের মধ্যে সমন্বয় বাড়াতে হবে" এবং "যে সকল দপ্তর/সংস্থার নিয়ন্ত্রণে সরকারি জমি আছে তা ফেলে না রেখে কাজে লাগাতে হবে"।**<br>সভায় সমন্বয় কর্মকর্তা-১ বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়নের মাধ্যমে পাটজাতপণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির একটি বড় সুযোগ রয়েছে। এ আইনটি বাস্তবায়নের মাধ্যমে দেশের অভ্যন্তরে প্রতিবছর ১৫০ কোটি পাটের বস্তার ব্যবহার হবে, যার বাজারমূল্য প্রায় ৯ থেকে ১০ হাজার কোটি টাকার। তিনি সভায় পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে স্টেকহোল্ডারদের সাথে একটি সভা করার জন্য অনুরোধ জানান। | ১। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে।<br><br>২। পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে বিজেআরআই, জেডিপিসি, বিজেএমসি, বিজেএমএ, বিজেএসএ ও সুপার শপসমূহকে নিয়ে সভা করতে হবে। | সকল সহকারি পরিচালক(পাট)/ সহকারি প্রকল্প পরিচালক(সংশ্লিষ্ট)/ পাট উন্নয়ন কর্মকর্তা/ মুখ্য পরিদর্শক/পাট উন্নয়ন সহকারি/ পরিদর্শক(পাট)/উপসহকারি পাট উন্নয়ন কর্মকর্তা (প্রকল্প)/অফিস সহকারি -কাম- কম্পিউটার আপারেটর (প্রকল্প)<br><br>উপপরিচালক(পাট)/সমন্বয় কর্মকর্তা-১ |
| ০৬। | লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন | ১। My Gov প্লাটফর্মে যুক্ত হওয়ায় প্রধান কার্যালয় হতে অনলাইনে ডিসেম্বর/২৩ পর্যন্ত ১০টি লাইসেন্স নিষ্পত্তি করা হয়েছে। | পাট ও পাটজাতপণ্যের ব্যবসা পরিচালনার জন্য পাট অধিদপ্তরের লাইসেন্স বাধ্যতামূলক। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকল ব্যবসায়ীকে ব্যবসা পরিচালনার জন্য ম্যানুয়াল পদ্ধতিতে লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন করা হচ্ছে। ম্যানুয়াল পদ্ধতিতে | ১। My Gov প্লাটফর্মে যুক্ত হওয়ায় প্রধান কার্যালয় হতে প্রদত্ত ৬ ক্যাটাগরির লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন কার্যক্রম সম্পন্নের বিষয়ে লাইসেন্স শাখা কর্তৃক সংশ্লিষ্ট ব্যবসায়ী সংগঠনের মাধ্যমে ব্যাপক প্রচার কার্যক্রম গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (লাইসেন্স) |

Ffirdous

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | ২। লাইসেন্স ইস্যু ও নবায়ন সংক্রান্ত হালনাগাদ তালিকা ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করা হচ্ছে ।<br><br>৩। মাঠ পর্যায় থেকে লাইসেন্সবিহীন ব্যবসা পরিচালনা করা মিলের প্রতিবেদন এ পর্যন্ত পাওয়া যায়নি ।<br><br>৪। সরকারী রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে লাইসেন্স মঞ্জুরী ও নবায়নের পূর্বে সংশ্লিষ্ট আবেদনকারী জুট মিলের লুম, স্প্রিন্ডেল ইত্যাদির সঠিক সংখ্যা নিরুপণপূর্বক নির্ভুল প্রতিবেদন সংক্রান্ত কার্যক্রম চলমান । | প্রদত্ত লাইসেন্স অটোমেশনের জন্য ইতোমধ্যে My Gov প্লাটফর্মে পাট অধিদপ্তর যুক্ত হওয়ার ফলে প্রধান কার্যালয় হতে প্রদত্ত ৬ ক্যাটাগরির লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে। এ বিষয়ে ব্যাপক প্রচার কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। সরকারি রাজস্ব বৃদ্ধির জন্য লাইসেন্স মঞ্জুরী বা নবায়নের পূর্বে সংশ্লিষ্ট জুট মিলের লুম, স্প্রিন্ডেল ইত্যাদির সংখ্যা সঠিকভাবে নিরুপনের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট মূখ্য পরিদর্শককে প্রতিবেদন দাখিল করে থাকেন। কিন্তু পরবর্তীতে প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণ বা সংশ্লিষ্ট অঞ্চলের সহকারি পরিচালকগণ পরিদর্শনে গেলে মূখ্য পরিদর্শক কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের সাথে লুম বা স্পিন্ডিলের সংখ্যার সাথে মিল পাওয়া যাচ্ছেনা এ মর্মে সভায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন । চলতি অর্থবছরে এ পর্যন্ত কতটি লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন করা হয়েছে তার হালনাগাদ তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন । তাছাড়া কতগুলো আবেদন এখনও নিস্পত্তিকরণ হয়নি তার সঠিক হিসাবসহ পরবর্তী সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয় । | ২। চলতি অর্থবছরে এ পর্যন্ত যতগুলো লাইসেন্স ইস্যু ও নবায়ন করা হয়েছে তার হালনাগাদ তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে ।<br><br>৩। লাইসেন্সবিহীন ব্যবসা পরিচালনা করা মিল চিহ্নিত করে তার প্রতিবেদন জরুরী ভিত্তিতে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।<br><br>৪। সরকারী রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে লাইসেন্স মঞ্জুরী ও নবায়নের পূর্বে সংশ্লিষ্ট আবেদনকারী জুট মিলের লুম, স্প্রিন্ডেল ইত্যাদির সঠিক সংখ্যা নিরুপণপূর্বক নির্ভুল প্রতিবেদন সংশ্লিষ্ট অঞ্চলের সহকারি পরিচালকের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে ।<br><br>৫। লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন সংক্রান্ত অনিষ্পন্ন আবেদন সমূহের তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে | সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী<br><br>মাঠ পর্যায়ের সহকারি পরিচালকবৃন্দ/ মূখ্য পরিদর্শক<br><br>মাঠ পর্যায়ের সহকারি পরিচালকবৃন্দ/ মূখ্য পরিদর্শক<br><br>সহকারী পরিচালক (লাইসেন্স)/সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী |

JFerdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | খ) ভিজা পাট ক্রয়-বিক্রয় রোধ এবং অবৈধ মজুদের বিরুদ্ধে অভিযান | ১। ভিজা পাট ক্রয়-বিক্রয় রোধসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ১ হাজার মণের বেশী পাট ১(এক) মাসের অধিক সময় যাতে স্টক করতে না পারে সেজন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ এ বিষয়ে সচেষ্ট রয়েছে।<br><br>২। মাঠ পর্যায়ে অনুষ্ঠিত স্টেক হোল্ডার সভায় এবং পাটচাষী প্রশিক্ষণ কর্মসূচীতে এ বিষয়ে পাটচাষীদের সচেতন করা হচ্ছে। | মহাপরিচালক মহোদয় ভিজা পাট ক্রয়-বিক্রয় রোধসহ সংশ্লিষ্টগণ যাতে ১(এক) হাজার মণের বেশী পাট ১(এক) মাসের অধিক সময় স্টক করতে না পারে সে বিষয়ে সভায় আলোকপাত করেন। বর্তমান পাটের বাজার দর সম্পর্কে অনলাইনে সংযুক্ত সহকারি পরিচালক(পাট)গণের নিকট জানতে চাওয়া হলে বর্তমানে পাটের বাজরের উর্দ্ধমূখী প্রবণতা রয়েছে বলে তারা জানান। এ ক্ষেত্রে সভাপতি বলেন যে, ন্যায্য মূল্য হতে পাটচাষী যাতে বঞ্চিত না হন সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ পাটচাষীদের স্বার্থ রক্ষায় নিয়মিত পরামর্শ প্রদান করবেন। | ১। ভিজা পাট ক্রয়-বিক্রয় রোধসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ১ হাজার মণের বেশী পাট ১(এক) মাসের অধিক সময় যাতে স্টক করতে না পারে সেজন্য পদক্ষেপ গ্রহণ করে সংশ্লিষ্টদের নিকট হতে মাস ভিত্তিক তথ্য সংগ্রহ করতে হবে।<br><br>২। বর্তমান পাটের বাজার মূল্য উর্দ্ধমূখী প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। ন্যায্য মূল্য হতে পাটচাষী যাতে বঞ্চিত না হন সে বিষয়ে লক্ষ্য রেখে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ পাটচাষীদের স্বার্থ রক্ষায় নিয়মিত পরামর্শ প্রদান করবেন। | সকল সহকারি পরিচালক (পাট)/পাট উন্নয়ন কর্মকর্তা/ মূখ্য পরিদর্শক/পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি<br><br>সকল সহকারি পরিচালক (পাট)/পাট উন্নয়ন কর্মকর্তা/ মূখ্য পরিদর্শক/পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি/ উপসহকারি পাট উন্নয়ন কর্মকর্তা (প্রকল্প) |
| ০৭। | পাটপণ্য পরীক্ষাগার ভবন সংস্কার | ১। পাটপণ্য পরীক্ষাগার, ডেমরা-ঢাকা এর সংস্কার/মেরামত কাজের জন্য বরাদ্দ প্রদানের লক্ষ্যে নথি অনুমোদন করা হয়েছে। এছাড়া স্থায়ীভাবে পানির ব্যবস্থাকরণের লক্ষ্যে সাবমারসিবল পাম্প স্থাপন করা হয়েছে।<br>২। পাটপণ্য পরীক্ষাগার, চট্টগ্রাম এর মেরামত/সংস্কার কাজ সম্পন্ন করার লক্ষ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে। | পাট অধিদপ্তরের বিদ্যমান ৩টি পাটপণ্য পরীক্ষাগার ভবন মেরামত/সংস্কার কাজের বিস্তারিত আলোচনা করেন। পাটপণ্য পরীক্ষাগার ভবনের জন্য চলতি ২০২৩-২৪ অর্থবছরে বাজেট বরাদ্দ রয়েছে। ৩টি ল্যাবরেটরিতে বর্তমান মেশিনারিজের একটি তালিকা প্রণয়নসহ আধুনিক ল্যাব স্থাপন বিষয়ে আলোচনা হয়। সমন্বয় কর্মকর্তা-১ সভায় বলেন যে, ল্যাবরেটরিতে পণ্যভিত্তিক অনেকগুলো BDS রয়েছে। সকল BDS এর ফটোকপি প্রধান কার্যালয়ে প্রেরণের অনুরোধ জানান। | ১। পাট অধিদপ্তরের বিদ্যমান ৩টি পাটপণ্য পরীক্ষাগার (ডেমরা, চট্টগ্রাম ও খুলনা) আধুনিকায়নের নিমিত্ত পরিচালক (পাট) এর নেতৃত্বে একটি কমিটি গঠন করতে হবে। কমিটিতে টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, বিসিএসআইআর, বুয়েট এবং বিজেআরআই এর প্রতিনিধি রাখতে হবে। | পরিচালক (পাট)/ উপসহকারী প্রকৌশলী |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | | পরীক্ষাগারসমূহে পাট ও পাটজাত পণ্যের মান যাচাই বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করার বিষয়ে আলোচনা হয় । | ২। ডেমরা, খুলনা ও চট্টগ্রাম পরীক্ষাগারে বর্তমানে যে সকল মেশিনারিজ রয়েছে প্রতিটি মেশিনের ব্যবহারসহ একটি পূর্ণাঙ্গ তালিকা আগামী ০৭ দিনের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>৩। ল্যাবরেটরির সার্বিক কার্যক্রম সম্পর্কে পরবর্তী সভায় একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্ট করতে হবে ।<br><br>৪। ল্যাবরেটরিতে সংরক্ষিত পণ্যভিত্তিক BDS সমূহের ফটোকপি আগামী ৭(সাত) কার্যদিবসের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে ।<br><br>৫। ল্যাব বিষয়ক প্রশিক্ষণসূচী, বিষয়, প্রশিক্ষণার্থী, রিসোর্স পার্সনসহ দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করতে হবে । | সকল সহকারি পরিচালক<br><br>সহকারি পরিচালক, পরীক্ষাগার,ডেমরা ।<br><br>সকল সহকারি পরিচালক/উপসহকারী প্রকৌশলী<br><br>" |
| ০৮ | ডি-নথির ব্যবহার বৃদ্ধি | ১। পাট অধিদপ্তরের দাপ্তরিক কার্যক্রম ডি-নথির মাধ্যমে নভেম্বর/২৩ পর্যন্ত হার্ড নথি – ৪৪টি, ডি-নথি – ১৯০টি মোট নিষ্পত্তি – ২৩৪টি , নিষ্পত্তির হার – ৮১% । | মনিটনিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার জানান, পাট অধিদপ্তরের ডি-নথির ব্যবহার বৃদ্ধির বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত রয়েছে। এছাড়াও সুশাসন বিষয়ক ই-গভর্নেন্স ও উদ্ভাবন কার্যক্রমের আওতায় ডি-নথির ব্যবহার অসাধারণ মানের জন্য ৮০% লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পাট অধিদপ্তরের ডি-নথির ব্যবহার বৃদ্ধি করা জরুরি। প্রয়োজনে কর্মকর্তা/কর্মচারীগণকে সময়ে সময়ে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। | ১। পাট অধিদপ্তরের দাপ্তরিক কার্যক্রম আবশ্যিকভাবে ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করতে হবে।<br><br>২। কর্মকর্তা/ কর্মচারীদের ডি-নথি ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/সকল সহকারি পরিচালক / মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার-২<br><br>" |

Jferdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০৭। | **বিবিধ**<br>ক)অডিট আপত্তি | ১। প্রকল্পের অডিট আপত্তিগুলোর অধিকাংশই মাঠ পর্যায়ের । এক্ষেত্রে মাঠ পর্যায় থেকে উত্থাপিত আপত্তি সমূহের জবাব সংগ্রহ করা হচ্ছে । জবাব পেলেই প্রমাণকসহ পুনরায় ব্রডশীট জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করার ব্যবস্থা নেয়া হবে ।<br><br>২। Audit Management and Monitoring System-2.0 (AMMS-2.0) Software এ আপত্তি ছিল ৬৩টি এর মধ্যে Reconciliation করে বর্তমানে অডিট আপত্তি ৫০টি আছে ।<br><br>৩। বিদ্যমান অডিট আপত্তি সমূহের হালনাগাদ প্রমাণকসহ পুনরায় ব্রডশীট জবাব প্রেরণের কাজ প্রক্রিয়াধীন আছে । | মহাপরিচালক মহোদয় অডিট আপত্তি নিষ্পত্তির অগ্রগতি সহকারি পরিচালক (অর্থ ও বাজেট) এর নিকট জানতে চাইলে তিনি বলেন যে, অডিট কমিটি কর্তৃক প্রতিমাসে নিয়মিত সভা হচ্ছে । পাট অধিদপ্তরের ২৫টি এবং প্রকল্পের ১৭টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে । তিনি সভায় উল্লেখ করেন যে, এখন থেকে অডিট আপত্তি একটি সফটওয়্যার এর মাধ্যমে নিয়ন্ত্রিত হচ্ছে । সভাপতি অডিট আপত্তির বিষয়ে হালনাগাদ প্রমাণকসহ পুনরায় ব্রডশীট জবাব প্রেরণ ও প্রয়োজনে দ্বি-পক্ষীয় বা ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন । | ১। প্রকল্পের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট সহকারি প্রকল্প পরিচালক নিয়মিত যোগাযোগপূর্বক অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।<br><br>২। গঠিত অডিট কমিটির সুপারিশ মোতাবেক জরুরী ভিত্তিতে অডিট আপত্তি নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩। অন্যান্য অডিট আপত্তির বিষয়ে হালনাগাদ প্রমাণকসহ পুনরায় ব্রডশীট জবাব প্রেরণ এবং প্রয়োজনে দ্বি-পক্ষীয় বা ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারি প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট)<br><br>সহকারি পরিচালক(অর্থ ও বাজেট)<br><br>সহকারি পরিচালক(অর্থ ও বাজেট)/ হিসাব রক্ষণ কর্মকর্তা |
| | খ) জনবল সংকট | ১। পাট অধিদপ্তরের ২৯৪টি শূণ্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র গ্রহণের নিমিত্ত বিজ্ঞ প্যানেল আইনজীবীর মতামত গ্রহণপূর্বক ১৫/১১/২৩ তারিখে মন্ত্রণালয়ের পত্রের জবাব প্রেরণ করা হয়েছে । | পাট অধিদপ্তরের মোট অনুমোদিত জনবল ৬০৪টি তন্মধ্যে ২০১টি পদে জনবল কর্মরত রয়েছে এবং ৪০৩টি পদশূন্য রয়েছে। এতো অল্পসংখ্যক জনবল নিয়ে অধিদপ্তরের সার্বিক কার্যক্রম পরিচালনা করা অত্যন্ত দুরুহ বিধায় শূন্যপদে জরুরীভিত্তিতে জনবল নিয়োগ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রাপ্ত ছাড়পত্রের আলোকে পাট অধিদপ্তরের শূণ্য পদে জনবল নিয়োগের জরুরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/ উপপরিচালক(আইন)/সহকারি পরিচালক(প্রশাসন)/ সমন্বয় কর্মকর্তা |

JFerdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | গ) অন্যান্য | ১। গত ০৭/১২/২৩ তারিখে ইনোভেশন কর্মপরিকল্পনার আওতায় নির্মিতব্য Smart Jute Information Software কাজের অগ্রগতি পর্যালোচনা করা হয় । | **ইনোভেশন :** পাট ও পাটজাত পণ্যের উৎপাদন, রপ্তানী ও রপ্তানী আয়, লাইসেন্স হতে প্রাপ্ত রাজস্ব আদায়, রপ্তানী আয় হতে প্রাপ্ত ননট্যাক্স রেভিনিউ এবং ভ্রাম্যমান আদালত হতে প্রাপ্ত জরিমানা ইত্যাদি সংক্রান্ত Smart Jute Information Software তৈরীর প্রক্রিয়া চলমান আছে । মাঠ পর্যায়ের সকল তথ্য/উপাত্ত ও প্রতিবেদন সংশ্লিষ্ট Software এর মাধ্যমে নির্ভুল হিসাব সংগ্রহ, সংকলনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। ইনোভেশন এর আওতায় কার্যাদেশ প্রাপ্ত টেক সলিউশন ফ্যাক্টরী, বনানী, ঢাকা প্রতিষ্ঠান কর্তৃক নির্মিত Smart Jute Information Software বুঝে নিয়ে সংশ্লিষ্ট সকলের তথ্য আদান/প্রদান কার্যক্রম দ্রুত শুরু করার বিষয়টি সুনিশ্চিত করতে হবে। | উপপরিচালক (পরীক্ষণ) / মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার-২ |
| | | | | ২। Smart Jute Information Software বুঝে নেয়ার পর এর নিয়মিত রক্ষণাবেক্ষণ , সেবা ও সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | ” |
| | | ২। ইনহাউস প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে । | **ইনহাউজ প্রশিক্ষণ :** প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারী প্রতি বছর কমপক্ষে ৬০(ষাট) ঘন্টা প্রশিক্ষণের বাধ্যবাধকতার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ৩। প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে বাৎসরিক ৬০(ষাট) ঘন্টা প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত সিডিউল তৈরী পূর্বক অঞ্চলভিত্তিক সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে । | উপপরিচালক(পণ্য পরিদর্শন) |
| | | | | ৪। সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত একটি কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। | ” |
| | | | | ৫। মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক আবিশ্যিকভাবে সকাল ৯.০০ টা থেকে ৯.৪০মি: পর্যন্ত স্ব-স্ব দাপ্তরিক কক্ষে উপস্থিত থাকতে হবে । এ সময়ের পর মাঠ পর্যায়ে ভ্রমণ করতে পারবেন । | সকল সহকারি পরিচালক (পাট)/পাট উন্নয়ন কর্মকর্তা/ মূখ্য পরিদর্শক/পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি/ উপসহকারি পাট উন্নয়ন কর্মকর্তা (প্রকল্প) |
| | | | | ৬। কোন কর্মকর্তা/কর্মচারীকে সকাল ৯.০০টা থেকে ৯.৪০মিনিটে কর্মস্থলে পাওয়া না গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে তাৎক্ষণিক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। | ” |

JFerdous

০২। আলোচনা শেষে সভাপতি জাতীয় পাট দিবস,২০২৪ বিপুল উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে উদযাপন করার প্রত্যয় ব্যক্ত করে সকলকে দায়িত্ব সহকারে কাজ করার পরামর্শ প্রদান করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২০২৩
(ড. সেলিনা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন:০২২২৩৩৮১৫৪৬।
e-mail: dgjute@gmail.com

স্মারক নম্বর- ২৪.০১.০০০০.০০১.০৬.২৪১.২২- ২৯৩

তারিখ: ০২ পৌষ, ১৪৩০ / ১৭ ডিসেম্বর, ২০২৩

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। প্রকল্প পরিচালক, "উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, পাট অধিদপ্তর, ঢাকা।
০২। যুগ্মসচিব (পাট-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন ও অর্থ/পাট), পাট অধিদপ্তর, ঢাকা।
০৪। উপপরিচালক (প্রশাসন/পাট ও পাটপণ্য/পরীক্ষণ/পরিদর্শন), পাট অধিদপ্তর, ঢাকা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সহকারী পরিচালক...................................................... (সকল),পাট অধিদপ্তর, ঢাকা।
০৭। পাট উন্নয়ন কর্মকর্তা...,.......................................................পাট অধিদপ্তর,ঢাকা ।
০৮। সমন্বয় কর্মকর্তা-(১/২)/ উপসহকারী প্রকৌশলী/ মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার/হিসাব রক্ষণ কর্মকর্তা, পাট অধিদপ্তর,ঢাকা।
০৯। মুখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর, ডেমরা, ঢাকা।
১০। মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার-২,পাট অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পাট অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অফিস কপি।

২৭.১২.২০২৩
(মো: লুৎফর রহমান সিকদার)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন)
ফোন : ০২-২২৩৩৮৯০৪৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
www.dgjute.gov.bd

## ২৬ ডিসেম্বর,২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :

সভাপতি : ড. সেলিনা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক, পাট অধিদপ্তর
সভার তারিখ : ২৬/১২/২০২৩ খ্রিষ্টাব্দ, মংগলবার
সময় : সকাল ১১.০০ঘটিকা
স্থান : পাট অধিদপ্তরের সভাকক্ষ
উপস্থিতি : কর্মকর্তা/কর্মচারীবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি অনলাইনে(Zoom) সংযুক্ত মাঠ পর্যায়ের সহকারী পরিচালকসহ সভাকক্ষে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি পাট অধিদপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের পরামর্শ প্রদান করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশা: ও অর্থ) সভার আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১। | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | ১। গত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় এ সভায় দৃঢ়ীকরণ করা হয় । | পরিচালক (প্রশাসন ও অর্থ) বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। মহাপরিচালক কর্তৃক অনুমোদিত বিগত সভার সিদ্ধান্তসমূহের বিষয়ে কারো কোন আপত্তি আছে কিনা তা জানতে চাওয়া হলে কার্যবিবরণী কোন সংশোধনী নেই মর্মে সভায় অবহিত করা হয়। | ১। গত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় এ সভায় দৃঢ়ীকরণ করা হয় । | সকল কর্মকর্তা/ কর্মচারী পাট অধিদপ্তর। |

JFerdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০২। | বার্ষিক কর্মসম্পাদনচুক্তি (এপিএ) বাস্তবায়ন ; | ১। ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি/(এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সমস্ত প্রতিবেদন (হাট বাজার পরিদর্শন,বেলিং সেন্টার পরিদর্শন, ভিজা পাট ক্রয় ও বিক্রয় প্রতিরোধে পরিচালিত অভিযান, পাটকল পরিদর্শনের কর্মসম্পাদন সূচকভিত্তিক প্রমাণকসহ)ছক মোতাবেক স্পষ্ট বোধগম্য কম্পিউটারে টাইপ করে ২৫ ডিসেম্বর/২৩ তারিখের মধ্যে দাখিল করার নির্দেশনা WhatsApp গ্রুপে প্রদান করা হয়েছে।<br><br>২। চলতি ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি/(এপিএ) এর আওতায় ৯০ হাজার পোষ্টার ও লিফলেট ইতোমধ্যে গঠিত কমিটি কর্তৃক অনুমোদনক্রমে ১৫/১১/২৩ তারিখে বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে । বিজি প্রেসে যোগাযোগ করে জানা যায় যে, অতিসত্বর ৪৫ হাজার পোষ্টার ও ৪৫ হাজার লিফলেট পাওয়া যাবে । পোষ্টার ও লিফলেট পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে । | ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । পরিচালক(প্রশা: ও অর্থ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি/(এপিএ) সম্পর্কে সহকারী পরিচালক(সা: ও ষ্টোর) ও এপিএ ফোকাল পয়েন্ট এর কাছে সূচকের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে তাঁরা জানান, ২য় ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত ছক মোতাবেক প্রেরণ করা হবে। এক্ষেত্রে মাঠ পর্যায়ের সকল সহকারি পরিচালকের নিকট সময়মত ২য় ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলের অনুরোধ জানানো হয়। সভাপতি সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি/(এপিএ) এর লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট হওয়ার আহ্বান জানানো হয় । | ১। ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি/(এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ছক মোতাবেক সময়মত দাখিল করতে হবে ।<br><br>২। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির/(এপিএ) আওতায় প্রকল্পের সূচকসমূহ বাস্তবায়ন করতে হবে এবং সময়মত প্রতিবেদন দাখিল করতে হবে । | সকল সহকারি পরিচালক/ পাট উন্নয়ন কর্মকর্তা / মূখ্যপরিদর্শক সকল সহকারী প্রকল্প পরিচালক/পাট উন্নয়ন কর্মকর্তা<br><br>,, |

JFerdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০৩। | প্রকল্প বাস্তবায়ন | ১। চলতি ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি/(এপিএ) এর আওতায় প্রকল্পের সূচক সমূহের শতভাগ বাস্তবায়ন কার্যক্রম চলমান।<br><br>২। লক্ষ্যমাত্রা অনুযায়ী পাটবীজ উৎপাদন, ক্রয় ও সংরক্ষণের বিষয়ে মনিটরিং কার্যক্রম চলমান। এছাড়া প্রকল্পের মাধ্যমে উৎপাদিত পাটবীজের জেলা/উপজেলা ভিত্তিক জানুয়ারী/২৪ মাসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>৩। প্রকল্পের সার্বিক কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে পাটচাষীদের দোড়গোড়ায় সেবা প্রদান কার্যক্রম চলমান।<br><br>৪। প্রধান কার্যালয় থেকে প্রেরিত কার্ড বিতরণ করা না হয়ে থাকলে জরুরী ভিত্তিতে বিতরণ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট পাট উন্নয়ন কর্মকর্তাদের নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া বর্তমানে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) কার্ড মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। | **পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ"** শীর্ষক প্রকল্পের ২০২৩-২৪ অর্থ বছরে বীজ উৎপাদনের জন্য পাটচাষীদের মধ্যে ভিত্তি পাটবীজ, সার ও কীটনাশক বিতরণ করা হয়েছে। পাটবীজ কর্তনের মৌসুম অত্যাসন্ন হওয়ায় পাটবীজ ক্রয় ও সংরক্ষণ কার্যক্রম গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া সহকারি প্রকল্প পরিচালক সভায় আরও বলেন যে, চলতি অর্থবছরে প্রকল্পের তালিকাভুক্ত পাটচাষীর মধ্যে ১,১৩,০৬৯টি চাষীকার্ড বিতরণ করা বাকী আছে। এছাড়া যে সকল সূচক রয়েছে তা যথাযথভাবে সম্পন্ন করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। প্রকল্পের সার্বিক কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণসহ মনিটরিং কার্যক্রম জোরদার করা প্রয়োজন। সম্ভব হলে পাটচাষীদেরকে আঁশ উৎপাদনের জন্য একই সাথে বীজ,সার ও কীটনাশক দেয়ার নিশ্চিতকরণের নির্দেশনা দেন। প্রশিক্ষণ কার্যক্রম, মাঠ দিবস ও অন্যান্য কার্যক্রম কর্মকর্তা ও কর্মচারীকে দক্ষতার সংগে সম্পাদনের জন্য সভায় সভাপতি অনুরোধ জানান। আগামী মৌসুমে পাট উৎপাদনের জন্য পাটবীজের চাহিদা দিয়ে বিএডিসিকে পত্র প্রেরণ পূর্বক সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ১। চলতি ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) এর আওতায় প্রকল্পের সূচক সমূহের শতভাগ বাস্তবায়ন করতে হবে।<br><br>২। লক্ষ্যমাত্রা অনুযায়ী পাটবীজ উৎপাদন, ক্রয় ও সংরক্ষণের বিষয়ে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। প্রকল্পের মাধ্যমে উৎপাদিত পাটবীজের জেলা/উপজেলা ভিত্তিক হিসাব সংরক্ষণসহ চাষীদেরকে সময়মত বীজ,সার ও কীটনাশক সরবরাহ করতে হবে।<br><br>৩। আগামী মৌসুমে পাট উৎপাদনের জন্য পাটবীজের চাহিদা দিয়ে বিএডিসিকে পত্র প্রেরণ পূর্বক সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকল্প পরিচালক(সংশ্লিষ্ট)<br><br>সকল সহকারী প্রকল্প পরিচালক/ পাট উন্নয়ন কর্মকর্তা/মূখ্য পরিদর্শক/পাট উন্নয়ন সহকারী<br><br>" |

JFerdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | ৫। ক) ইতোমধ্যে প্রায় ১৩৭৩৫ জন পাট চাষী প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে । আরও ১৩৯৫০ জন চাষীর প্রশিক্ষণের বরাদ্দ মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে, যা জানুয়ারী/২৪ এর মধ্যে সমাপ্ত করার নির্দেশনা দেয়া আছে।<br><br>খ)৫টি (নওগাঁ,গাইবান্ধা,চুয়াডাংগা,রাজবাড়ী ও কিশোরগঞ্জ) চাষী সমাবেশ করার বরাদ্দ মাঠ পর্যায়ে দেয়া আছে । নির্বাচন পরবর্তী জানুয়ারী/২৪ সালের মধ্যে সমাবেশগুলো সমাপ্ত হবে মর্মে জানানো হয়েছে । | | ৪। পাটচাষী প্রশিক্ষণ, মাঠ দিবস ও পাটচাষী সমাবেশ কার্যক্রম জরুরী ভিত্তিতে সম্পন্ন করতে হবে। | সহকারী প্রকল্প পরিচালক(সংশ্লিষ্ট) |
| ০৪। | পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলকব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন এবং পাট অধিদপ্তর সংশ্লিষ্ট মামলা | ১। পাটের বস্তার মাসভিত্তিক তথ্য প্রেরণের জন্য মাঠ পর্যায়ে সকল কর্মকর্তাকে ১০ সেপ্টেম্বর/২৩ তারিখে ১৬০নম্বর স্মারক পত্র মাধ্যমে আদেশ প্রদান করা হয়েছে । নির্ধারিত ফরমে মাঠ পর্যায়ের প্রতিবেদন পাওয়া যাচ্ছে ।<br><br>২। মোড়কীকরণ আইন ভংগকারীর বিরুদ্ধে নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হচ্ছে । তাছাড়া আইনের ধারা ১৮ মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য একটি খসড়া প্রসিকিউশন ফরম পাট অধিদপ্তরের WhatsApp গ্রুপে প্রদান করা হয়েছে। | ৪.১ পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আইনটি শতভাগ বাস্তবায়নে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের কঠোর নির্দেশনা রয়েছে। এ সম্পর্কে সমন্বয় কর্মকর্তা-১ বলেন যে, আইনটি বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের সকলকে একাধিক পত্র মাধ্যমে অনুরোধ জানানোসহ ১৬টি জেলায় বিশেষ কর্মসূচী চলমান রয়েছে । বিশেষ কর্মসূচী গ্রহণ পরবর্তী এ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি চেয়ে মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছে । তিনি সভাকে অবহিত করেন যে, গত ডিসেম্বর/২০২৩ মাসে সমগ্র দেশে ৪২টি ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে ৬৭টি মামলা ও ৩,৫৬,৫০০/- টাকার অর্থদন্ড প্রদান করা হয়েছে । বিশেষ কর্মসূচী গ্রহণ করে ও ভ্রাম্যমান আদালত বৃদ্ধিসহ জেলার কার্যক্রম মনিটর করা প্রয়োজন । | ১। পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার বিধিমালা,২০১৩ এর তফসিল ২ মোতাবেক পাটের বস্তার ব্যবহারকারীগণের নিকট হতে সঠিক তথ্য গ্রহণপূর্বক জেলাভিত্তিক প্রতিবেদন প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে নির্দিষ্ট ছক মোতাবেক আবিশ্যিকভাবে দাখিল করতে হবে ।<br><br>২। ভ্রাম্যমাণ আদালত জোরদারকরণ সহ প্রতিবেদন প্রতিমাসের ২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে দাখিল করতে হবে।<br><br>৩। বিশেষ কর্মসূচীর আওতায় গৃহীত ১৬টি জেলার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সকল সহকারি পরিচালক(পাট)/ পাট উন্নয়ন কর্মকর্তা/ মূখ্য পরিদর্শক<br>সমন্বয় কর্মকর্তা-১<br><br>সহকারি পরিচালক (পাট)/ পাট উন্নয়ন কর্মকর্তা/মূখ্য পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি<br><br>" |

Ferdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | ৩। মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের প্রেক্ষিতে চলমান ২৬টি মামলা এনালগাস হিয়ারিং করার ব্যবস্থা গ্রহণের জন্য পাট অধিদপ্তর কর্তৃক ৩১ অক্টোবর/২০২৩ তারিখে ১৯১ নম্বর স্মারক মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। | নিয়মিতভাবে পাটের বস্তার ব্যবহার সংক্রান্ত হিসাব মাঠ পর্যায় হতে প্রদান করা প্রয়োজন। মহাপরিচালক আইনটি বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার অনুরোধ করেন। | ৪। আইন অমান্যকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটদের মাধ্যমে ভ্রাম্যমান আদালত পরিচালনার পাশাপাশি আইনের ধারা ১৮ মোতাবেক প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর আদালতে নিয়মিত মামলা দায়ের করতে হবে। | সহকারি পরিচালক (পাট)/ পাট উন্নয়ন কর্মকর্তা/মূখ্য পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি |
| | খ) পাট অধিদপ্তর সংশ্লিষ্ট মামলা | ১। মোড়কীকরণ আইনকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ২৮টি মামলা চলমান রয়েছে। উক্ত ২৮টি মামলার মধ্যে ২৬টি মামলা নিষ্পত্তির লক্ষ্যে এনালগাস হিয়ারিং এর জন্য ম্যানসন করা হয়েছে।<br><br>২। উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব খাতে স্থানান্তরের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ৪টি কনটেম্পট মামলা শুনানীর জন্য তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে।<br><br>৩। এছাড়াও ৫টি (বিবিধ) রীট পিটিশন রয়েছে। মামলাসমূহের দ্রুত নিষ্পত্তির বিষয়ে বিশেষ নজর রাখা হচ্ছে। | ৪.২ পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ সম্পর্কিত মহামান্য হাইকোর্ট বিভাগে চলমান মামলা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপপরিচালক(আইন) সভায় অবহিত করেন যে, ইতোমধ্যে ২৭টি মামলা সরকার পক্ষে নিষ্পত্তি হয়েছে। একই বিষয়ে চলমান মামলা জরুরী ভিত্তিতে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। মামলাসমূহ শুনানীর জন্য তালিকাভুক্ত হয়েছে। ডিসেম্বর/২৩ মাসে উচ্চ আদালতে নতুনভাবে ০৩টি রীট মামলা এবং উক্ত ০৩টি রীট মামলার আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগে সরকারপক্ষ কর্তৃক ০৩টি সিপি মামলা দায়ের করা হলে উচ্চ আদালতে সর্বমোট মামলার সংখ্যা ৪১টি। উচ্চ আদালতে ৪১টি মামলার মধ্যে ০৩টি সিপি মামলা সরকার পক্ষে নিষ্পত্তি হওয়ায় উচ্চ আদালতে বর্তমানে মামলার সংখ্যা (৪১-৩) = ৩৮টি এবং নিম্ন আদালতে ০১টি সহ মোট = ৩৯টি মামলা চলমান রয়েছে। উল্লেখ্য, ৪টি কনটেম্পট মামলা বিজয় ৭১ এর ১৮ নম্বর কোর্টে শুনানী চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | ১। চলমান মামলা জরুরী ভিত্তিতে শুনানী করে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। নতুন আগত ০১টি মামলায় হাইকোর্ট বিভাগের আদেশের বিরুদ্ধে আপীল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩। কনটেম্পট মামলার বিষয়ে বিশেষ নজর রাখতে হবে। | উপপরিচালক(আইন)<br><br>"<br><br>" |

Fferdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০৫। | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালীন নির্দেশনা বাস্তবায়ন | ১। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে পাটের বস্তার ব্যবহার সংক্রান্ত মাসভিত্তিক প্রতিবেদন নিয়মিত সংগ্রহ ও সংকলন করা হচ্ছে ।<br><br>২। পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে বিজেআরআই, জেডিপিসি, বিজেএমসি, বিজেএমএ, বিজেএসএ ও সুপার শপসমূহকে নিয়ে সভার কার্যক্রম চলমান । আরো ১টি সভা আয়োজনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে । | গত ১২/১০/২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালীন প্রদত্ত নির্দেশনা নিম্নরূপ : **"পাট ও পাটপণ্যের ব্যবহার ও রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের মধ্যে সমন্বয় বাড়াতে হবে" এবং "যে সকল দপ্তর/সংস্থার নিয়ন্ত্রণে সরকারি জমি আছে তা ফেলে না রেখে কাজে লাগাতে হবে"।**<br>সভায় সমন্বয় কর্মকতা-১ বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক পণ্যে পাটজাতমোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়নের মাধ্যমে পাটজাতপণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির একটি বড় সুযোগ রয়েছে। পাটজাত মোড়কের উৎপাদন খরচ বৃদ্ধি একটি চ্যালেঞ্জ । এ অবস্থা নিরসনকল্পে বিজেআরআই এর গবেষণাকে কাজে লাগিয়ে উৎপাদন খরচ হ্রাস করা যেতে পারে । এ লক্ষ্যে পাট অধিদপ্তর ও বিজেআরআই এর সাথে MOU করা প্রয়োজন । তিনি সভায় পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে স্টেকহোল্ডারদের সাথে একটি সভা করার জন্য অনুরোধ জানান । | ১। পাটের বস্তার উৎপাদন খরচ হ্রাস করা, গবেষণালব্ধ পাটজাত পণ্য স্টেক হোল্ডারদের নিকট পৌঁছানো ইত্যাদি কার্যক্রমের সাথে পাট অধিদপ্তরকে সম্পৃক্তকরণের নিমিত্ত বিজেআরআই এবং পাট অধিদপ্তর এর সাথে একটি MOU করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে ।<br><br>২। পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে বিজেআরআই, জেডিপিসি, বিজেএমসি, বিজেএমএ, বিজেএসএ ও সুপার শপসমূহকে নিয়ে সভা করতে হবে। | পরিচালক(প্রশাসন ও অর্থ)/উপপরিচালক(পাট)<br><br>উপপরিচালক(পাট)/সমন্বয় কর্মকর্তা-১ |
| ০৬। | লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন | ১। My Gov প্লাটফর্মে যুক্ত হওয়ায় প্রধান কার্যালয় হতে অনলাইনে ডিসেম্বর/২৩ পর্যন্ত ১০টি লাইসেন্স নিষ্পত্তি করা হয়েছে । | পাট ও পাটজাতপণ্যের ব্যবসা পরিচালনার জন্য পাট অধিদপ্তরের লাইসেন্স বাধ্যতামূলক। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকল ব্যবসায়ীকে ব্যবসা পরিচালনার জন্য ম্যানুয়াল পদ্ধতিতে লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন করা হচ্ছে। ম্যানুয়াল পদ্ধতিতে | ১। My Gov প্লাটফর্মে যুক্ত হওয়ায় প্রধান কার্যালয় হতে প্রদত্ত ৬ ক্যাটাগরির লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন কার্যক্রম সম্পন্নের বিষয়ে লাইসেন্স শাখা কর্তৃক সংশ্লিষ্ট ব্যবসায়ী সংগঠনের মাধ্যমে ব্যাপক প্রচার কার্যক্রম গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (লাইসেন্স) |

JFerdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | ২। লাইসেন্স ইস্যু ও নবায়ন সংক্রান্ত হালনাগাদ তালিকা ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করা হচ্ছে ।<br><br>৩। মাঠ পর্যায় থেকে লাইসেন্সবিহীন ব্যবসা পরিচালনা করা মিলের প্রতিবেদন এ পর্যন্ত পাওয়া যায়নি ।<br><br>৪। সরকারী রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে লাইসেন্স মঞ্জুরী ও নবায়নের পূর্বে সংশ্লিষ্ট আবেদনকারী জুট মিলের লুম, স্প্রিন্ডেল ইত্যাদির সঠিক সংখ্যা নিরুপণপূর্বক নির্ভুল প্রতিবেদন সংক্রান্ত কার্যক্রম চলমান ।<br><br>৫। জুলাই-নভেম্বর/২৩ পর্যন্ত মোট নিষ্পত্তিকৃত লাইসেন্স – ১৩২০৩টি , অনিষ্পন্ন লাইসেন্স আবেদন – ১৮৭টি । | প্রদত্ত লাইসেন্স অটোমেশনের জন্য ইতোমধ্যে My Gov প্লাটফর্মে পাট অধিদপ্তর যুক্ত হওয়ার ফলে প্রধান কার্যালয় হতে প্রদত্ত ৬ ক্যাটাগরির লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হচ্ছে । আগামী মৌসুমে My Gov প্লাটফর্মে লাইসেন্স গ্রহণের বিষয়ে ব্যাপক প্রচার কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন । সরকারি রাজস্ব বৃদ্ধির জন্য লাইসেন্স মঞ্জুরী বা নবায়নের পূর্বে সংশ্লিষ্ট জুট মিলের লুম, স্প্রিন্ডেল ইত্যাদির সংখ্যা সঠিকভাবে নিরুপণের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট মুখ্য পরিদর্শকগণ প্রতিবেদন দাখিল করে থাকেন। কিন্তু পরবর্তীতে প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণ বা সংশ্লিষ্ট অঞ্চলের সহকারি পরিচালকগণ পরিদর্শনে গেলে মুখ্য পরিদর্শক কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের সাথে লুম বা স্পিন্ডিলের সংখ্যার সাথে মিল পাওয়া যাচ্ছেনা এ মর্মে সভায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন । চলতি অর্থবছরে এ পর্যন্ত কতটি লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন করা হয়েছে তার হালনাগাদ তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন । তাছাড়া কতগুলো আবেদন এখনও নিষ্পত্তিকরণ হয়নি তার সঠিক হিসাবসহ পরবর্তী সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয় । | ২। চলতি অর্থবছরে এ পর্যন্ত যতগুলো লাইসেন্স ইস্যু ও নবায়ন করা হয়েছে তার হালনাগাদ তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে ।<br><br>৩। লাইসেন্সবিহীন ব্যবসা পরিচালনা করা মিল চিহ্নিত করে তার প্রতিবেদন জরুরী ভিত্তিতে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।<br><br>৪। সরকারী রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে লাইসেন্স মঞ্জুরী ও নবায়নের পূর্বে সংশ্লিষ্ট আবেদনকারী জুট মিলের লুম, স্প্রিন্ডেল ইত্যাদির সঠিক সংখ্যা নিরুপণপূর্বক নির্ভুল প্রতিবেদন সংশ্লিষ্ট অঞ্চলের সহকারি পরিচালকের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে ।<br><br>৫। লাইসেন্স মঞ্জুরী ও নবায়ন সংক্রান্ত অনিষ্পন্ন আবেদন সমূহের তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে । | সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী<br><br>মাঠ পর্যায়ের সহকারি পরিচালকবৃন্দ/ মূখ্য পরিদর্শক<br><br>মাঠ পর্যায়ের সহকারি পরিচালকবৃন্দ/ মূখ্য পরিদর্শক<br><br>সহকারী পরিচালক (লাইসেন্স)/সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী |

Ferdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | খ) ভিজা পাট ক্রয়-বিক্রয় রোধ এবং অবৈধ মজুদের বিরুদ্ধে অভিযান | ১। ভিজা পাট ক্রয়-বিক্রয় রোধসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ১ হাজার মণের বেশী পাট ১(এক) মাসের অধিক সময় যাতে স্টক করতে না পারে সেজন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ এ বিষয়ে সচেষ্ট রয়েছে।<br><br>২। মাঠ পর্যায়ে অনুষ্ঠিত স্টেক হোল্ডার সভায় এবং পাটচাষী প্রশিক্ষণ কর্মসূচিতে বর্তমান পাটের বাজার মূল্য উর্দ্ধমূখী বিষয়ে পাটচাষীদের সচেতন করা হচ্ছে। | মহাপরিচালক মহোদয় ভিজা পাট ক্রয়-বিক্রয় রোধসহ সংশ্লিষ্টগণ যাতে ১(এক) হাজার মণের বেশী পাট ১(এক) মাসের অধিক সময় স্টক করতে না পারে সে বিষয়ে সভায় আলোকপাত করেন। বর্তমান পাটের বাজার দর সম্পর্কে অনলাইনে সংযুক্ত সহকারি পরিচালক(পাট)গণের নিকট জানতে চাওয়া হলে বর্তমানে পাটের বাজারের উর্দ্ধমূখী প্রবণতা রয়েছে বলে তারা জানান। | ১। ভিজা পাট ক্রয়-বিক্রয় রোধসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ১ হাজার মণের বেশী পাট ১(এক) মাসের অধিক সময় যাতে স্টক করতে না পারে সেজন্য পদক্ষেপ গ্রহণ করে সংশ্লিষ্টদের নিকট হতে মাসভিত্তিক তথ্য সংগ্রহ করতে হবে। | সকল সহকারি পরিচালক (পাট)/পাট উন্নয়ন কর্মকর্তা/ মূখ্য পরিদর্শক/পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি |
| ০৭। | পাটপণ্য পরীক্ষাগার ভবন সংস্কার | ১। পাটপণ্য পরীক্ষাগার, ডেমরা-ঢাকা এর সংস্কার/মেরামত কাজের জন্য বরাদ্দ প্রদানের লক্ষ্যে নথি অনুমোদন করা হয়েছে। এছাড়া স্থায়ীভাবে পানির ব্যবস্থাকরণের লক্ষ্যে সাবমারসিবল পাম্প স্থাপন করা হয়েছে।<br><br>২। পাটপণ্য পরীক্ষাগার, চট্রগ্রাম এর মেরামত/সংস্কার কাজ সম্পন্ন করার লক্ষ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে।<br><br>৩। ল্যাবরেটরিতে সংরক্ষিত পণ্যভিত্তিক BDS সমূহের ফটোকপি কার্যক্রম চলমান।<br><br>৪। ল্যাব বিষয়ক প্রশিক্ষণসূচী, বিষয়, প্রশিক্ষণার্থী, রিসোর্স পার্সনসহ দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন প্রক্রিয়াধীন। | পাট অধিদপ্তরের বিদ্যমান ৩টি পাটপণ্য পরীক্ষাগার ভবন মেরামত/সংস্কার কাজের বিস্তারিত আলোচনা করেন। পাটপণ্য পরীক্ষাগার ভবনের জন্য চলতি ২০২৩-২৪ অর্থবছরে বাজেট বরাদ্দ রয়েছে। ৩টি ল্যাবরেটরিতে বর্তমান মেশিনারিজের একটি তালিকা প্রণয়নসহ আধুনিক ল্যাব স্থাপন বিষয়ে আলোচনা হয়। পরীক্ষাগারসমূহে পাট ও পাটজাত পণ্যের মান যাচাই বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | ১। পাট অধিদপ্তরের বিদ্যমান ৩টি পাটপণ্য পরীক্ষাগার (ডেমরা, চট্রগ্রাম ও খুলনা) আধুনিকায়নের নিমিত্ত পরিচালক (পাট) এর নেতৃত্বে একটি কমিটি গঠন করতে হবে। কমিটিতে টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, বিসিএসআইআর, বুয়েট এবং বিজেআরআই এর প্রতিনিধি রাখতে হবে।<br><br>২। ডেমরা, খুলনা ও চট্রগাম পরীক্ষাগারে বর্তমানে যে সকল মেশিনারিজ রয়েছে প্রতিটি মেশিনের ব্যবহারসহ একটি পূর্ণাঙ্গ তালিকা আগামী ০৭ দিনের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>৩। ল্যাব বিষয়ক প্রশিক্ষণসূচী, বিষয়, প্রশিক্ষণার্থী, রিসোর্স পার্সনসহ দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | পরিচালক (পাট)/ উপসহকারী প্রকৌশলী<br><br>সকল সহকারি পরিচালক<br><br>সকল সহকারি পরিচালক/উপসহকারী প্রকৌশলী |

Ferdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০৮ | ডি-নথির ব্যবহার বৃদ্ধি | ১। পাট অধিদপ্তরের দাপ্তরিক কার্যক্রম ডি-নথির মাধ্যমে ডিসেম্বর/২৩ পর্যন্ত হার্ড নথি – ২৬টি, ডি-নথি – ১২২টি, মোট নিষ্পত্তি – ১৪৮টি , নিষ্পত্তির হার – ৮৩% । | মনিটনিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার জানান, পাট অধিদপ্তরের ডি-নথির ব্যবহার বৃদ্ধির বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত রয়েছে। এছাড়াও সুশাসন বিষয়ক ই-গভর্নেন্স ও উদ্ভাবন কার্যক্রমের আওতায় ডি-নথির ব্যবহার অসাধারণ মানের জন্য ৮০% লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। যা উন্নীত করে কমপক্ষে ৮৫% করা প্রয়োজন এ বিষয়ে সকলকে সচেষ্ট হওয়ার আহ্বান জানানো হয় । লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পাট অধিদপ্তরের ডি-নথির ব্যবহার বৃদ্ধি করা জরুরি। প্রয়োজনে কর্মকর্তা/কর্মচারীগণকে সময়ে সময়ে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। | ১। পাট অধিদপ্তরের দাপ্তরিক কার্যক্রম আবশ্যিকভাবে ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করতে হবে।<br><br>২। কর্মকর্তা/কর্মচারীদের ডি-নথি ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ)/সকল সহকারি পরিচালক / মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার-২<br><br>" |
| ০৯। | বিবিধ<br>ক)অডিট আপত্তি | ১। প্রকল্পের অডিট আপত্তিগুলোর অধিকাংশই মাঠ পর্যায়ের । এক্ষেত্রে মাঠ পর্যায় থেকে উত্থাপিত আপত্তি সমূহের জবাব সংগ্রহ করা হচ্ছে । জবাব পেলেই প্রমাণকসহ পুনরায় ব্রডশীট জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করার ব্যবস্থা নেয়া হবে ।<br><br>২। Audit Management and Monitoring System-2.0 (AMMS-2.0) Software এ আপত্তি ছিল ৬৩টি এর মধ্যে Reconciliation করে বর্তমানে অডিট আপত্তি ৫০টি আছে ।<br><br>৩। বিদ্যমান অডিট আপত্তি সমূহের হালনাগাদ প্রমাণকসহ পুনরায় ব্রডশীট জবাব প্রেরণের কাজ প্রক্রিয়াধীন আছে । | মহাপরিচালক মহোদয় অডিট আপত্তি নিষ্পত্তির অগ্রগতি সহকারি পরিচালক (অর্থ ও বাজেট) এর নিকট জানতে চাইলে তিনি বলেন যে, অডিট কমিটি কর্তৃক প্রতিমাসে নিয়মিত সভা হচ্ছে । পাট অধিদপ্তরের ২৫টি এবং প্রকল্পের ১৭টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে । তিনি সভায় উল্লেখ করেন যে, এখন থেকে অডিট আপত্তি একটি সফটওয়্যার এর মাধ্যমে নিয়ন্ত্রিত হচ্ছে । সভাপতি অডিট আপত্তির বিষয়ে হালনাগাদ প্রমাণকসহ পুনরায় ব্রডশীট জবাব প্রেরণ ও প্রয়োজনে দ্বি-পক্ষীয় বা ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন । | ১। প্রকল্পের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট সহকারি প্রকল্প পরিচালক নিয়মিত যোগাযোগপূর্বক অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।<br><br>২। গঠিত অডিট কমিটির সুপারিশ মোতাবেক জরুরী ভিত্তিতে অডিট আপত্তি নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩। অন্যান্য অডিট আপত্তির বিষয়ে হালনাগাদ প্রমাণকসহ পুনরায় ব্রডশীট জবাব প্রেরণ এবং প্রয়োজনে দ্বি-পক্ষীয় বা ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারি প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট)<br><br>সহকারি পরিচালক(অর্থ ও বাজেট)<br><br>সহকারি পরিচালক(অর্থ ও বাজেট)/ হিসাব রক্ষণ কর্মকর্তা |

JFerdous

| ক্রমিক | আলোচ্যসূচি | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | খ) জনবল সংকট | ১। পাট অধিদপ্তরের ২৯৪টি শূণ্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র গ্রহণের নিমিত্ত বিজ্ঞ প্যানেল আইনজীবীর মতামত গ্রহণপূর্বক ১৫/১১/২৩ তারিখে মন্ত্রণালয়ের পত্রের জবাব প্রেরণ করা হয়েছে। | পাট অধিদপ্তরের মোট অনুমোদিত জনবল ৬০৪টি তন্মধ্যে ২০১টি পদে জনবল কর্মরত রয়েছে এবং ৪০৩টি পদশূন্য রয়েছে। এতো অল্পসংখ্যক জনবল নিয়ে অধিদপ্তরের সার্বিক কার্যক্রম পরিচালনা করা অত্যন্ত দুরুহ বিধায় শূন্যপদে জরুরীভিত্তিতে জনবল নিয়োগ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। অত্যাবশ্যকীয় পদ চিহ্নিত করে প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড়পত্র নেয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/ উপপরিচালক(আইন)/সহকারি পরিচালক(প্রশাসন)/ সমন্বয় কর্মকর্তা |
| | গ) অন্যান্য | ১। গত ০৭/১২/২৩ তারিখে ইনোভেশন কর্মপরিকল্পনার আওতায় নির্মিতব্য Smart Jute Information Software কাজের অগ্রগতি পর্যালোচনা করা হয়।<br><br>২। সরকারের সকল দাপ্তরিক কার্যক্রম অটোমেশনের আওতায় আনা হচ্ছে। এজন্য পাট অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সাথে মাঠ পর্যায়ের অফিসসমূহের যোগাযোগা নিবিড় করার নিমিত্তে তথ্য/উপাত্তসহ ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করা আবশ্যক।<br><br>৩। ইনহাউস প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | ইনোভেশন : পাট ও পাটজাত পণ্যের উৎপাদন, রপ্তানী ও রপ্তানী আয়, লাইসেন্স হতে প্রাপ্ত রাজস্ব আদায়, রপ্তানী আয় হতে প্রাপ্ত ননট্যাক্স রেভিনিউ এবং ভ্রাম্যমান আদালত হতে প্রাপ্ত জরিমানা ইত্যাদি সংক্রান্ত Smart Jute Information Software তৈরীর প্রক্রিয়া চলমান আছে। মাঠ পর্যায়ের সকল তথ্য/উপাত্ত ও প্রতিবেদন সংশ্লিষ্ট Software এর মাধ্যমে নির্ভুল হিসাব সংগ্রহ, সংকলনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>ইনহাউজ প্রশিক্ষণ : প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারী প্রতি বছর কমপক্ষে ৬০(ষাট) ঘন্টা প্রশিক্ষণের বাধ্যবাধকতার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। ইনোভেশন এর আওতায় কার্যাদেশ প্রাপ্ত টেক সলিউশন ফ্যাক্টরী, বনানী, ঢাকা প্রতিষ্ঠান কর্তৃক নির্মিত Smart Jute Information Software বুঝে নিয়ে সংশ্লিষ্ট সকলের তথ্য আদান/প্রদান কার্যক্রম দ্রুত শুরু করার বিষয়টি সুনিশ্চিত করতে হবে।<br><br>২। Smart Jute Information Software বুঝে নেয়ার পর এর নিয়মিত রক্ষণাবেক্ষণ , সেবা ও সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।<br><br>৩। প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে বাৎসরিক ৬০(ষাট) ঘন্টা প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত সিডিউল তৈরী পূর্বক অঞ্চলভিত্তিক সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br><br>৪। সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত একটি কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।<br><br>৫। মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক আবিশ্যিকভাবে সকাল ৯.০০ টা থেকে ৯.৪০মি: পর্যন্ত স্ব-স্ব দাপ্তরিক কক্ষে উপস্থিত থাকতে হবে। এ সময়ের পর মাঠ পর্যায়ে ভ্রমণ করতে পারবেন। | উপপরিচালক (পরীক্ষণ) / মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার-২<br><br>"<br><br>উপপরিচালক(পণ্য পরিদর্শন)<br><br>"<br><br>সকল সহকারি পরিচালক (পাট)/পাট উন্নয়ন কর্মকর্তা/ মূখ্য পরিদর্শক/পরিদর্শক/ পাট উন্নয়ন সহকারি/ উপসহকারি পাট উন্নয়ন কর্মকর্তা (প্রকল্প) |

Tferdous

০২। আলোচনা শেষে সভাপতি জাতীয় পাট দিবস,২০২৪ বিপুল উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে উদযাপন করার প্রত্যয় ব্যক্ত করে সকলকে দায়িত্ব সহকারে কাজ করার পরামর্শ প্রদান করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. সেলিনা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন:০২২২৩৩৮১৫৪৬।
e-mail: dgjute@gmail.com

স্মারক নম্বর- ২৪.০১.০০০০.০০১.০৬.২৪১.২২- ০৯

তারিখ: ২৫ পৌষ, ১৪৩০
০৯ জানুয়ারি,২০২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। প্রকল্প পরিচালক, "উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, পাট অধিদপ্তর, ঢাকা।
০২। যুগ্মসচিব (পাট-২), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন ও অর্থ/পাট), পাট অধিদপ্তর, ঢাকা।
০৪। উপপরিচালক (প্রশাসন/পাট ও পাটপণ্য/পরীক্ষণ/পরিদর্শন), পাট অধিদপ্তর, ঢাকা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সহকারী পরিচালক...................................................... (সকল),পাট অধিদপ্তর, ঢাকা।
০৭। পাট উন্নয়ন কর্মকর্তা...........................................................পাট অধিদপ্তর,ঢাকা ।
০৮। সমন্বয় কর্মকর্তা-(১/২)/ উপসহকারী প্রকৌশলী/ মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার/হিসাব রক্ষণ কর্মকর্তা, পাট অধিদপ্তর,ঢাকা।
০৯। মুখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর, ডেমরা, ঢাকা।
১০। মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার-২,পাট অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পাট অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অফিস কপি।

(মো: লুৎফর রহমান সিকদার)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন)
ফোন : ০২-২২৩৩৮৯০৪৪